জননিরাপত্তা বিভাগের আওতায় ২০১৭-১৮ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
০১।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ জননিরাপত্তা বিভাগ	৫	৫	-	-	২	৩	২০% এবং ৫০%	১	১৩.২২% হতে ৬৩.৩০ %

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ৫

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ:

নং	**প্রকল্পের নাম**	**ব্যয় ও সময় বৃদ্ধির কারণ**
১.	পুলিশ বিভাগের ৫০টি সার্কেল এএসপি'র অফিস কাম বাসভবন নির্মাণ (প্রথম পর্যায়ে ২৫টি)(সংশোধিত)	প্রকল্পটি জুলাই ২০১৫ হতে জুন ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত হয়। স্বরাষ্ট মন্ত্রণালয় হতে প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করে ০২/১২/২০১৫ তারিখে। ফলে প্রকল্পটির বাস্তবায়নকাল ০১ জুলাই ২০১৫ তারিখ হতে শুরু করার কথা থাকলেও বাস্তবে প্রকল্প কাজ শুরু হয় জানুয়ারী ২০১৬ তারিখে।
২.	ঢাকায় স্পেশাল ব্রাঞ্চ ট্রেনিং স্কুল নির্মাণ।	প্রকল্পটি ০১ জুলাই ২০১৫ হতে ৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করে ১৯/১১/১৫ তারিখে। ফলে প্রকল্পটির বাস্তবায়নকাল ০১ জুলাই ২০১৫ তারিখ হতে শুরু করার কথা থাকলেও প্রকল্পের কাজ শুরু হয় ২৫/০৬/২০১৬ তারিখে। বাস্তবতার নিরিখে বৈরী আবহাওয়া, অতিরিক্ত বৃষ্টিপাত এবং রাজউক কর্তৃক জমি বরাদ্দের বিলম্বের কারণে প্রকল্পের কাজ শুরু করতে বিলম্ব হয়।
৩.	"এনটিএমসি'র নিজস্ব কার্যালয় ভবন নির্মাণ প্রকল্প – ১ম সংশোধিত"	ভৌত অবকাঠামোর মাষ্টার প্ল্যান সংশোধন এবং নতুন পানির রির্জাভার স্থাপনের কারণে যথাসময়ে প্রকল্পের মূল কার্যক্রম শুরু করতে বিলম্ব হয়েছে।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা	সুপারিশ
(১)	(২)
পুলিশ বিভাগের ৫০টি সার্কেল এএসপি'র অফিস কাম বাসভবন নির্মাণ (প্রথম পর্যায়ে ২৫টি)(সংশোধিত) শীর্ষক প্রকল্প।	
○ প্রকল্পের সার্বিক আর্থিক অর্জন হয়েছে ৯৯.৩৭%। ভৌত কাজের মধ্যে ডিপিপিতে নির্ধারিত ২৫ টি এএসপি সার্কেল অফিস কাম বাসভবনের মধ্যে ২৪ টি নির্মাণ করা হয়েছে। বাংলাদেশ পুলিশের সার্কেল অফিসের পুনর্বিণ্যাসের কারণে বেতাগী সার্কেলে (বরগুনা) ভবন নির্মাণ করা হয়নি। ● আলোচ্য প্রকল্প বাস্তবায়নের ফলে বিভিন্ন জেলায় এএসপি'দের জন্য অফিস কাম বাসভবন নির্মিত হওয়ায় পুলিশের সার্কেল অফিসে উন্নত কর্ম পরিবেশ সৃষ্টি হবে যা দেশের আইন শৃঙ্খলা সুষ্ঠুভাবে পরিচালনার ইতিবাচক ভূমিকা রাখবে আশা করা যায়। ● প্রকল্পের বাস্তবায়ন জুন ২০১৮ তে সম্পন্ন হয়েছে। পরিদর্শিত ০৮টি সাইটে মূল ভবন নির্মিত হলেও ০৩টি সাইটে অর্থাৎ রামগড় (খাগড়াছড়ি), গফরগাঁও (ময়মনসিংহ) ও মোড়লগ ঞ্জ (বাগেরহাট) সাইটে প্রকল্প সমাপ্তির পরও বিভিন্ন পূর্ত ও ফিনিশিং কাজ বাকী রয়েছে।। প্রকল্প শেষ হলেও এ তিনটি সাইটে কাজ শেষ হয়নি। মোড়লগ ঞ্জ সার্কেল অফিসের ব্যবহার শুরু হলেও গফরগাঁও ও রামগড়ের সার্কেল অফিসের ব্যবহার শুরু হয়নি। এর ফলে স্থানীয় জনগণের প্রকল্পের সুবিধা পেতে বিলম্ব হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না করায় ঠিকাদারের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ● পরিদর্শিত ০৮টি সাইটের মধ্যে ০২টি সাইটে অর্থাৎ গফরগাঁও (ময়মনসিংহ) ও সৈয়দপুর (নীলফামারী) সাইটে বিভিন্ন ত্রুটি পরিলক্ষিত হয়েছে যার মধ্যে রয়েছে নিম্নমানের স্যানিটারী ফিটিংস এর ব্যবহার /নিম্নমানের কাঠের ব্যবহার/ জলছাদের নেট সিমেন্ট কোটিং উঠে যাওয়া/অভ্যন্তরীণ সড়কের খোয়া বের হয়ে যাওয়া ইত্যাদি। ● পরিদর্শিত ০৮টি সাইটের মধ্যে কাপ্তাই সার্কেল, রাঙামাটির এএসপি'র অফিস কাম বাসভবন ব্যতিত অন্য কোন সাইটের অফিস কাম বাসভবন পুলিশ বিভাগের নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়নি। ● পরিদর্শিত সাইটসমূহে পুলিশের জনবলের (ইন্সপেক্টর/সাব ইন্সপেক্টর/এএসআই/কনস্টেবল/স্টেনোগ্রাফার) ঘাটতি	● ২০১৮ সালের জুনে প্রকল্প শেষ হলেও ০৩টি সাইটে অর্থাৎ রামগড় (খাগড়াছড়ি), গফরগাঁও (ময়মনসিংহ) ও মোড়লগ ঞ্জ (বাগেরহাট)সাইটে কাজ শেষ হয়নি। জননিরাপত্তা বিভাগ/পুলিশ কর্তৃক বিষয়টি খতিয়ে দেখা প্রয়োজন; ● নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হওয়া সংশ্লিষ্ট সকল ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে চুক্তির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; ● প্রকল্পের আওতায় নির্মিত পুলিশের সকল সার্কেল কাম বাসভবনের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। ভবনসমূহের নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য রাজস্ব বাজেটে আর্থিক সংস্থান রাখতে হবে; ● গফরগাঁও (ময়মনসিংহ)ও সৈয়দপুর (নীলফামারী) সার্কেলে নির্মিত ভবনে নিম্নমানের স্যানিটারী ফিটিংস ব্যবহার /নিম্নমানের কাঠের ব্যবহার/ জলছাদের নেট সিমেন্ট কোটিং উঠে যাওয়া/অভ্যন্তরীণ সড়কের খোয়া বের হয়ে যাওয়া বিষয়গুলো পরীক্ষ-নিরীক্ষা করে Corrective Measure গ্রহণ করতে হবে; ● প্রকল্পের আওতায় নির্মিত সকল সার্কেল অফিস কাম বাসভবন পুলিশ বিভাগের নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তরের জন্য গণপূর্ত অধিদপ্তর সত্বর ব্যবস্থা গ্রহণ করবে; ● দ্রুত ও উন্নত সেবা নিশ্চিত করার জন্য প্রকল্পের আওতায় নির্মিত সকল সার্কেল অফিসে প্রয়োজনীয় জনবলের (ইন্সপেক্টর/সাব-ইন্সপেক্টর/এএসআই/ কনস্টেবল/স্টেনোগ্রাফার) নিয়োগ প্রদান করতে হবে: এবং ● প্রকল্পের সকল অর্থ বছরের ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট (মহা হিসাব নিরীক্ষকের দপ্তর কর্তৃক) সম্পাদন করতে হবে। অডিট প্রতিবেদনে কোন আপত্তি থাকলে তা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সমস্যা	সুপারিশ
(১)	(২)
রয়েছে। ● প্রকল্পের কোন ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট (মহা হিসাব নিরীক্ষকের দপ্তর কর্তৃক) সম্পাদন করা হয়নি।	
ঢাকায় স্পেশাল ব্রাঞ্চ ট্রেনিং স্কুল নির্মাণ শীর্ষক প্রকল্প	
● জুন, ২০১৮ তে প্রকল্পের কাজ সমাপ্ত হয়। নির্মিত ভবনে বিভিন্ন প্রশিক্ষণ ও দাপ্তরিক কাজ শুরু হলে ও গনপূর্ত অধিদপ্তর হতে ভবন হস্তান্তর বুঝে নেয়া হয়নি। ● প্রকল্পের ২য় পর্যায়ের কাজ শুরু হওয়ার কারণে নির্মাণ সামগ্রী নিচে পড়ে সিড়ির টাইলস ক্ষতিগ্রস্ত হয়েছে। ● কনফারেন্স রুমের একটি এসি নষ্ট হয়েছে। ● নির্মাণ কাজের জন্য ছাদ খোলা রাখার কারণে বেজমেন্টে অবস্থিত শ্যুটিং রেঞ্জে বৃষ্টির পানি জমে থাকতে দেখা গেছে। ● ডরমিটেরির জন্য আসবাবপত্র ক্রয় করে স্তুপ করে রাখা হয়েছে। ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের পর নির্মিত ডরমেটরিতে আসবাবপত্র রাখা হবে। ● পিসিআরে প্রদত্ত তথ্যানুসারে সম্মানী, অভ্যন্তরীন রাস্তা এবং সারফেস ড্রেইন খাতে ডিপিপি সংস্থানের অতিরিক্ত ব্যয় এবং অনুমোদিত ২৭০ বর্গমিটার অভ্যন্তরীণ রাস্তার পরিবর্তে ৫৬৮ বর্গমিটার রাস্তা ও ১০০ আরএম সারফেস ড্রেইন এর পরিবর্তে ৭৯.৫০ আরএম নির্মাণ করা হয়েছে। অনুমোদিত ডিপিপি অনুযায়ী ৫২৬৭.৫৭ বর্গমিটার ট্রেনিং স্কুল নির্মাণের পরিবর্তে ৪৬৫৪.৪০ বর্গমিটার নির্মাণ করা হয়েছে।	● প্রকল্পের আওতায় নির্মিত ভবন গণপূর্ত অধিদপ্তর হতে বুঝে নেয়ার বিষয়ে জননিরাপত্তা বিভাগ ব্যবস্থা গ্রহণ করবে; ● এসি সহ যে সকল সরঞ্জাম/ যন্ত্রপাতি ব্যবহারের ফলে সরঞ্জাম/ যন্ত্রপাতি নস্ট হয়েছে, সে সকল সরঞ্জাম/ যন্ত্রপাতির মেরামত ও সংরক্ষণ করতে হবে; ● প্রকল্পের অডিট সম্পন্ন হয়নি। অডিট সম্পন্নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; ● শ্যুটিং রেঞ্জে জমে থাকা পানি অপসারণ করতে হবে; ● পিসিআরে প্রদত্ত তথ্যানুসারে সম্মানী, অভ্যন্তরীন রাস্তা এবং সারফেস ড্রেইন খাতে ডিপিপি সংস্থানের অতিরিক্ত ব্যয় এবং অনুমোদিত ২৭০ বর্গমিটার অভ্যন্তরীণ রাস্তার পরিবর্তে ৫৬৮ বর্গমিটার রাস্তা ও ১০০ আরএম সারফেস ড্রেইন এর পরিবর্তে ৭৯.৫০ আরএম, ৫২৬৭.৫৭ বর্গমিটার ট্রেনিং স্কুল নির্মাণের পরিবর্তে ৪৬৫৪.৪০ বর্গমিটার নির্মাণের ব্যাখ্যা দিতে হবে;
এনটিএমসি'র নিজস্ব কার্যালয় ভবন নির্মাণ প্রকল্প – ১ম সংশোধিত	
● সরঞ্জাম/ যন্ত্রপাতি ব্যবহারের ফলে কিছু সরঞ্জাম/ যন্ত্রপাতির মান কিছুটা নস্ট হয়েছে। এসকল সরঞ্জাম/ যন্ত্রপাতির মেরামত ও সংরক্ষণ করা প্রয়োজন; ● নির্মিত ভবনে সোলার প্যানেল স্থাপন করা হয়নি।	● বিভিন্ন বিওপিতে সরঞ্জাম/ যন্ত্রপাতি ব্যবহারের ফলে কিছু সরঞ্জাম/ যন্ত্রপাতির মান নস্ট হয়েছে। এসকল সরঞ্জাম/ যন্ত্রপাতির মেরামত ও সংরক্ষণ করতে হবে; ● ক্রয়কৃত যন্ত্রপাতি / সরঞ্জাম বর্তমানে সচল আছে। এসকল সরঞ্জাম/ যন্ত্রপাতির মেরামত সংরক্ষণের জন্য নিয়মিত রাজস্ব বাজেটে সংস্থান রাখা প্রয়োজন। ● নির্মিত ভবনে সোলার প্যানেল স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে; ● প্রকল্পের অডিট সম্পন্ন হলেও অডিট অধিদপ্তর হতে পর্যবেক্ষণ পাওয়া যায়নি। অডিট অধিদপ্তর হতে

সমস্যা	সুপারিশ
(১)	(২)
	পর্যবেক্ষণ সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
"বর্ডার গার্ড বাংলাদেশের পল্লীতলা বর্ডার গার্ড ব্যাটালিয়ানের অবশিষ্ট নির্মাণ কাজ সম্পন্নকরণ।"	
• জুন, ২০১৮ তে প্রকল্পের কাজ সমাপ্ত হলেও ভূমি উন্নয়ন, অভ্যন্তরীন রাস্তা নির্মাণ, ভবনের রং করাসহ ফিনিশিং কাজ এবং আসবাবপত্র সরবাহের কাজ অসম্পন্ন রয়েছে। • জেসিও মেস এবং জেসিও কোয়ার্টার ভবনের কয়েকটি দেয়াল ড্যাম্প দেখা গেছে। সেগুলো মেরামত করা হচ্ছে। • জেসিও মেসের ফ্লোরগুলো অপরিচ্ছন্ন দেখা গেছে; • অফিসার্স কোয়ার্টারের জন্য সংগৃহীত আসবাবপত্র স্তুপ করে রাখা হয়েছে; • ১৩.৫ পিসিআরে অডিট সংক্রান্ত তথ্য দেয়া হয়নি;	• প্রকল্পের সকল কাজ জুন ২০১৮ তে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও ভবনের ফিনিশিং কাজ, অভ্যন্তরীন রাস্তা ও ভূমি উন্নয়ন ও আসবাবপত্র সংগ্রহের কাজ চলমান রয়েছে। এসকল কাজ জরুরি ভিত্তিতে সমাপ্ত করে আইএমইডিকে অবহিত করতে হবে ; • কাজ সম্পাদন না করে ঠিকাদারকে বিল পরিশোধ পরিকল্পনা শৃঙ্খলা এবং আর্থিক ব্যবস্থাপনা নীতিমালার পরিপন্থী। জননিরাপত্তা বিভাগ ও বিজিবি এ জাতীয় অনিয়মের কারণ অনুসন্ধানপূর্বক আইএমইডিকে অবহিত করবে এবং দায়-দায়িত্ব নিরুপন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; • দেয়ালের ড্যাম্প মেরামত করতে হবে এবং ভবিষ্যতে যাতে ড্যাম্প না হয় সে বিষয়ে ব্যবস্থা নিতে হবে; • স্তুপিকৃত আসবাবপত্র জরুরি ভিত্তিতে ব্যবহারের ব্যবস্থা করতে হবে; • ভবনগুলো যথাযথ মেইনটেনেন্স এর ব্যবস্থা করতে হবে;
বর্ডার গার্ড বাংলাদেশ এর বিভিন্ন ব্যাটালিয়নে ১০টি ম্যাগাজিন বিল্ডিং এবং ০৭টি কোয়ার্টার গার্ড নির্মাণ/পুন: নির্মাণ	
• আলোচ্য প্রকল্প মূল অনুমোদিত মেয়াদে এবং ব্যয়ে সম্পন্ন হয়েছে। প্রকল্পের সার্বিক আর্থিক অর্জন হয়েছে ৯৬.৬৪%। প্রকল্পের আওতায় নির্ধারিত সকল ম্যাগাজিন ভবন ও কোয়ার্টার গার্ড ভবন নির্মিত হয়েছে। সকল ভবন বিজিবি'র নিকট হস্তান্তর করা হয়েছে। আলোচ্য প্রকল্পের বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায়/সীমান্ত এলা কায় বিজি বি'র অস্ত্র ও গোলাবারুদের সংরক্ষণে নিরাপত্তা নিশ্চিত হবে; বিজিবি সদস্যদের অস্ত্র ও গোলাবারুদ দ্রুত ও নিরাপদে এক স্থান হতে অন্য স্থানে পরিবহন করা সহজতর হবে এবং সার্বিকভাবে সীমান্ত এলাকায় চোরাচালান, নারী ও শিশু পাচার প্রতিহত করার ক্ষেত্রে ভূমিকা রাখবে মর্মে আশা করা যায়।	• বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জামিনীপাড়া এবং সেক্টর হেড কোয়ার্টার, খাগড়াছড়িতে নির্মিত ম্যাগাজিন ভবন দু'টি ২০১৮ সালের মে মাসে বিজিবি 'র নিকট হস্তান্তর করা হয়েছে। অদ্যাবধি ভবন ব্যবহার শুরু না হওয়ার বিষয়টি জননিরাপত্তা বিভাগ/বিজিবি কর্তৃক খতিয়ে দেখা প্রয়োজন। একইসাথে প্রকল্পের আওতায় নির্মিত সকল ম্যাগাজিন ভবন ও কোয়ার্টার গার্ড ভবনের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে;
	• নির্মিত ম্যাগাজিন ভবন ও কোয়ার্টার গার্ড ভবনের রক্ষণাবেক্ষণের জন্য রাজস্ব বাজেটে পর্যাপ্ত আর্থিক সংস্থান নিশ্চিত করতে হবে;
• পরিদর্শিত সাইটগুলোতে ম্যাগাজিন ভবন/কোয়ার্টার গার্ড ভবনের কিছু ত্রুটি পরিলক্ষিত হয়েছে। তন্মধ্যে রিজিয়ন হেড কোয়ার্টার, যশোরে ম্যাগাজিন ভবনের উত্তর দিকের ১ নং ম্যাগাজিন কক্ষে দেয়ালে চিড়/ফাটল দেখা যায়। বর্ডার গার্ড ব্যাটালিয়ন, খুলনায় ম্যাগাজিন ভবনের ০৪টি ম্যাগাজিন কক্ষের মেঝেতে ফাটল সৃষ্টি হয়েছে। ভবনে ০৮টি বজ্র নিরোধক দন্ড (Earthing and Lighting	• যশোর, খুলনা, জামিনীপাড়া, পানছড়ি ও খাগড়াছড়ি সদরে বিজিবি রিজিয়ন হেড কোয়ার্টার/ সেক্টর হেড কোয়ার্টার/ বর্ডার গার্ড ব্যাটালিয়নে নব নির্মিত ম্যাগাজিন ভবন/কোয়ার্টার গার্ড ভবনে যে সকল ত্রুটি রয়েছে সেগুলোর প্রকৌশলগত দিক পরীক্ষা - নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ ১৬.২);

সমস্যা	সুপারিশ
(১)	(২)
Arristaeor) স্থাপনের জন্য নির্ধারিত থাকলেও ০৪টি স্থাপন করা হয়েছে। আদার্ন ড্যামে টার্ফিং যথাযথভাবে হয়নি। ড্যামের মাটি বৃষ্টির পানিতে ধুয়ে যাচ্ছে। ম্যাগাজিন ভবন এপ্রোন থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জামিনীপাড়ায় কোয়ার্টার গার্ড ভবনে দেয়াল ও বীমে চিড় লক্ষ্য করা গেছে। বর্ডার গার্ড ব্যাটালিয়ন, পানছড়িতে গার্ড রুমের মেঝে ডেবে গেছে এবং এপ্রোনে ফাটল সৃষ্টি হয়েছে। • পরিদর্শিত সাইটগুলোতে পূর্ত কাজের সাইট অর্ডার বুক এবং পূর্ত কাজের/ পূর্ত কাজের নির্মাণ সামগ্রীর ল্যাবরেটরী টেস্টের রিপোর্ট পাওয়া যায়নি। সুতরাং, কাজের গুণগতমান সম্পর্কে নিশ্চিত হওয়া যায় না। তবে অনুচ্ছেদ ১৬.২ এ বর্ণিত ত্রুটিসমূহ ছাড়া আপাতদৃষ্টিতে নির্মিত ভবন ভালো মনে হয়েছে। • পরিদর্শিত সাইটগুলোর মধ্যে বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জামিনীপাড়া এবং সেক্টর হেড কোয়ার্টার, খাগড়াছড়িতে নির্মিত ম্যাগাজিন ভবন দু 'টি ২০১৮ সালের মে মাসে বিজিবি'র নিকট হস্তান্তর করা হলেও উক্ত ম্যাগাজিন ভবনসমূহের ব্যবহার শুরু হয়নি। • প্রকল্পের কোন ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট (মহা হিসাব নিরীক্ষকের দপ্তর কর্তৃক) সম্পাদন করা হয়নি মর্মে পিসিআর সূত্রে জানা যায়।	• প্রকল্পের সকল অর্থ-বছরের ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট (মহা হিসাব নিরীক্ষকের দপ্তর কর্তৃক) সম্পাদন করতে হবে। অডিট প্রতিবেদনে কোন আপত্তি থাকলে তা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে:

বর্ডার গার্ড বাংলাদেশের পত্নীতলা বর্ডার গার্ড ব্যাটালিয়ানের অবশিষ্ট নির্মাণ কাজ সম্পন্নকরণ শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

সমাপ্ত: জুন ২০১৮

১। প্রকল্পের নাম : বর্ডার গার্ড বাংলাদেশের পত্নীতলা বর্ডার গার্ড ব্যাটালিয়ানের অবশিষ্ট নির্মাণ কাজ সম্পন্নকরণ।

২। প্রকল্পের অবস্থান : পত্নীতলা, নওগাঁ ।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ বর্ডার গার্ড

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্বরাষ্ট্র মন্ত্রণালয় / জননিরাপত্তা বিভাগ

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়	প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল	প্রকৃত বাস্তবায়নকাল	হ্রাসকৃত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)
২২২৬.০২	২১৫৮.০০	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮ (২৪ মাস)	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮ (২৪ মাস)	(-) ৬৮.০২ (৩%)

৬। **প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন : প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে :**

ক্রমিক নং	বিভিন্ন অংগের নাম	পরিকল্পিত লক্ষ্যমাত্রা সংশোধিত ডিপিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১.	ডিপিপি প্রস্তুত, প্রিন্টিং ও স্টেশনারি	২.০০	থোক	২.০০ (১০০%)	
২.	আপ্যায়ন	১.০০	থোক	১.০০ (১০০%)	
৩.	সার্ভে, স্থাপত্য ও কাঠামোগত ড্রয়িং,ডিজাইন ও মাটি পরীক্ষা	৭০.০০	থোক	৭০.০০ (১০০%)	
৪.	সম্মানী	৩.০০	থোক	৩.০০ (১০০%)	
৫.	বিজ্ঞাপন ও সার্কুলার	২.০০	থোক	-	-
৬.	অফিস ইক্যুইপমেন্ট	৩.০০	৫টি	৩.০০ (১০০%)	
৭.	আসবাবপত্র	১০৪.০৬		১০৩.৪৯ (৯৯%)	
৮.	নির্মাণ কাজ	১৭৯১.৮২		১৭৮৯.০০ (৯৯%)	
৯.	ভূমি উন্নয়ন	১৮৬.৫৮		১৮৬.৫০ (১০০%)	-
১০.	প্রাইস কন্টিনজেন্সি	৪১.৭১	-	-	-
১১.	ভৌত কন্টিনজেন্সি	২০.৮৫	-	-	-
	সর্বমোট	২২২৬.০২		২১৫৮.০০	

৭.০ সাধারণ পর্যবেক্ষণ:

৭.১ পটভূমি: প্যারামিলিটারি ফোর্স হিসেবে বিজিবি'র প্রধান দায়িত্ব হলো দেশের ৪,৪২৭ কি:মি: সীমান্ত এলাকার নিরাপত্তা প্রদান করা। বাংলাদেশের সীমান্ত এলাকায় সীমান্ত নিরাপত্তার পাশাপাশি মানব পাচার, মাদক ও অন্যান্য চোরাচালান প্রতিরোধে বর্ডার গার্ড বাংলাদেশ সার্বক্ষণিকভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় গত আগস্ট ২০০৭ সালে ১৪ বিজিবি, পত্নীতলা, নওগাঁ প্রতিষ্ঠিত হয় । ১৪ বিজিবি, পত্নীতলা, নওগাঁ এর মাস্টার প্ল্যান অনুসারে এর সামগ্রীক অবকাঠামোগত উন্নয়ন কাজ এখনো সমাপ্ত হয়নি। ফলে অভ্যন্তরীণ আবাসন সুযোগ সুবিধা বৃদ্ধি না পাওয়ায় ১৪ বিজিবি, পত্নীতলা, নওগাঁ এর জুনিয়র কমিশন্ড কর্মকতা (জেসিও) এবং অন্যান্য কর্মকতাদের অনেকেই পরিবারসহ ভাড়া বাসায় থাকেন, যা তাঁদের নিরাপত্তার জন্য অনুকূল নয়। এ সকল কর্মকর্তাদের পারিবারিক আবাসন সুবিধা নিশ্চিতপূর্বক তাঁদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২৬.২৬০২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

৭.২ প্রকল্পের উদ্দেশ্য:

- পরিচালক ও অনান্য কর্মকর্তাদের আবাসিক সুবিধা বৃদ্ধি,
- অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন,
- বিজিবি'র সদস্যসহ ব্যাটালিয়নের অস্ত্র, যানবাহন ও অন্যান্য উপকরণসমূহের নিরাপত্তা নিশ্চিত করা,
- ভূমি উন্নয়ন এবং ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন এবং
- উন্নত স্যানিটেশন ব্যবস্থার সংস্থান।

৭.৩ প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম:

- ৫ তলার ১টি অফিসার্স কোয়ার্টার,
- ২ তলার ১টি ডিরেক্টর বাংলো,
- ২ তলার ১টি জুনিয়র কমিশন্ড অফিসার্স মেস,
- ১ তলা ১টি সীমান্ত পরিবার কল্যাণ ভবন,
- ৫ তলার ১টি জুনিয়র কমিশন্ড অফিসার্স কোয়ার্টার নির্মাণ
- প্রতিটি ভবনের জন্য অভ্যন্তরীণ সেনিটেশন,
- অভ্যন্তরীণ রাস্তা, বাউন্ডারী ওয়াল, ভূমি উন্নয়ন, আসবাবপত্র ক্রয়।

৭.৪ প্রকল্পের অনুমোদন অবস্থা: আলোচ্য প্রকল্প মোট ২২২৬.০২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৬/০৫/২০১৯ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী অনুমোদিত হয়।

৭.৫ <u>প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য</u> :

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় পত্নীতলা, নওগাঁতে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। নিম্নেবর্ণিত কর্মকর্তাবৃন্দ প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন :

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	কার্যকাল		মন্তব্য
		শুরু	পর্যন্ত	
০১	লে.কর্ণেল শাহরিয়ার আহমেদ আমিন	২২ আগস্ট ২০১৬	০২ এপ্রিল ২০১৭	খন্ডকালীন
০২	লে.কর্ণেল জি এম সারোয়ার	০৩ এপ্রিল ২০১৭	১০ সেপ্টেম্বর ২০১৭	খন্ডকালীন
০৩	লে.কর্ণেল মো: খিজির খান	১১ সেপ্টেম্বর ২০১৭	৩০ জুন ২০১৮	খন্ডকালীন

৭.৬ **প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি** :

প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২২২৬.০২ লক্ষ টাকা। মন্ত্রণালয় থেকে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি মোট ২১৫৮.০০ লক্ষ টাকা (৯৬.৯৪%)। প্রকল্পটির অনুকুলে ২০১৬-২০১৭ হতে ২০১৭-২০১৮ বছর পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হল:

আর্থিক বছর	সংশোধিত এডিপিতে বরাদ্দ		অবমুক্ত	ব্যয়	
	মোট টাকা	জিওবি	টাকা	মোট টাকা	জিওবি
২০১৬-২০১৭	১৫০০.০০	১৫০০.০০	১৫০০.০০	১৪৯৮.০০	১৪৯৮.০০
২০১৭-২০১৮	৬৬০.০০	৬৬০.০০	৬৬০.০০	৬৬০.০০	৬৬০.০০
মোট	**২১৬০.০০**	**২১৬০.০০**	**২১৬০.০০**	**২১৫৮.০০**	**২১৫৮.০০**

নোট: বরাদ্দকৃত অবশিষ্ট অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়েছে।

৮.০ **প্রকল্প পরিদর্শন** :

গত ১০/০৫/২০১৯ তারিখে প্রকল্পের আওতায় নওগাঁ জেলার নাজিরপুর উপজেলার বিজিবি'র ১৪ ব্যাটালিয়ানের অবশিষ্ট সম্পাদিত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বিজিবি'র ১৪ ব্যাটালিয়ানের কমান্ডিং অফিসার (সি, ও) উপস্থিত ছিলেন। প্রকল্পটি জুন ২০১৮ তে সমাপ্ত হয়েছে। প্রকল্পের আওতায় ৫ তলার ১টি অফিসার্স কোয়ার্টার, ২ তলার ১টি ডিরেক্টর বাংলো, ২ তলার ১টি জুনিয়র কমিশন্ড অফিসার্স মেস, ১ তলা ১টি সীমান্ত পরিবার কল্যাণ ভবন, ৫ তলার ১টি জুনিয়র কমিশন্ড অফিসার্স কোয়ার্টার , অভ্যন্তরীণ সেনিটেশন, অভ্যন্তরীণ রাস্তা, বাউন্ডারী ওয়াল নির্মাণ, ভূমি উন্নয়ন এবং প্রতিটি ভবনের জন্য আসবাবপত্র ক্রয় করা হয়েছে।

প্রকল্পের আওতায় ডিরেক্টর বাংলো ও ২ তলার ১টি জুনিয়র কমিশন্ড অফিসার্স মেসে বসবাস করা হচ্ছে। ৫ তলার ১টি অফিসার্স কোয়ার্টার, ১ তলা ১টি সীমান্ত পরিবার কল্যাণ ভবন, ৫ তলার ১টি জুনিয়র কমিশন্ড অফিসার্স কোয়ার্টা রের ফিনিশিং কাজ চলমান রয়েছে। নির্মিত ৫ তলার ১টি জুনিয়র কমিশন্ড অফিসার্স কোয়ার্টার ও ২ তলার ১টি জুনিয়র কমিশন্ড অফিসার্স মেস ভবনের ওয়াশরুম সংলগ্ন দেয়ালে ড্যাম্প দেখা গিয়েছে। প্রকল্পের আওতায় নির্মিত অন্যান্য ভবন মানসম্পন্নভাবে নির্মাণ করা হয়েছে মর্মে বাহ্যিকভাবে মনে হয়েছে। ভূমি উন্নয়নের কাজ চলমান রয়েছে। বিভিন্ন স্থানে মাটি স্তুপ করে রাখা হয়েছে। অভ্যন্তরীন রাস্তার কাজ চলমান রয়েছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, এলাকাটি নিচু, মাটি ভরাটের পরপর রাস্তা নির্মিত হলে ভেঙে যেতে পারে এ কারণে সময় নিয়ে রাস্তা নির্মাণ করা হচ্ছে। ভূমি উন্নয়নের বিষয়ে তিনি জানান, স্থানীয় কিছু সমস্যার কারণে মাটি ভরাটে বিলম্ব হয়েছে। দ্রুত এ সকল কাজ শেষ করে জননিরাপত্তা বিভাগের মাধ্যমে আইএমই বিভাগকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। আসবাবপত্রের বিষয়ে তিনি জানান কিছু আসবাবপত্র স্পেসিফিকেশন অনুযায়ী যথাযথ না হওয়ায় সেগুলো ফেরত দিয়ে নতুনভাবে সরবরাহের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানকে বলা হয়েছে।

প্রকল্পের কার্যক্রম পরিদর্শনে পরিলক্ষিত হয়েছে যে, প্রকল্পটি সমাপ্ত হিসেবে ঘোষণা করা হলেও কয়েকটি অঙ্গ যেমন- ভূমি উন্নয়ন, আসবাবপত্র সংগ্রহ এবং অভ্যন্তরীন রাস্তা নির্মাণের কাজ অসমাপ্ত রয়েছে। অপরদিকে উল্লিখিত অঙ্গের বিপরীতে সংস্থানকৃত অর্থ ব্যয় দেখানো হয়েছে। কাজ সম্পাদন না করে ঠিকাদারকে বিল পরিশোধ পরিকল্পনা শৃঙ্খলা এবং আর্থিক ব্যবস্থাপনা নীতিমালার পরিপন্থী। এ জাতীয় অনিয়মের কারণ জানা প্রয়োজন এবং এর দায়-দায়িত্ব নিরুপন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

৯.০ **ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন:** আলোচ্য প্রকল্পের মাধ্যমে যে সকল নির্মাণকাজ/মালামাল ক্রয় করা হয়েছে তা পিপিআর অনুসারে প্রক্রিয়াকরণ ও গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃপক্ষের অনুমোদন ও সুপারিশক্রমে সম্পন্ন করা হয়েছে ও

দরপত্র মূল্যায়ন কমিটিতে বিভাগ/সংস্থা বহির্ভূত অন্যান্য বিভাগ/সংস্থার ২ (দুই) জন সদস্য নিয়মানুযায়ী অর্ন্তভুক্ত ছিল।

১০.০ **অডিট নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি** : প্রকল্পের প্রেরিত পিসিআর এর অনুচ্ছেদ-এফ মনিটরিং এন্ড অডিটিং এর ২.১ নং অনুচ্ছেদে কোন তথ্য উল্লেখ করা হয়নি। তবে প্রকল্প পরিচালক জানান অডিট করা হয়েছে ।

১১.০ **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন** :

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
• পরিচালক ও অনান্য কর্মকর্তাদের আবাসিক সুবিধা বৃদ্ধি, • অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, • বিজিবি'র সদস্যসহ ব্যাটালিয়নের অস্ত্র, যানবাহন ও অন্যান্য উপকরণসমূহের নিরাপত্তা নিশ্চিত করা, • ভূমি উন্নয়ন এবং ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন এবং • উন্নত স্যানিটেশন ব্যবস্থার সংস্থান।	সংস্থার পরিচালকের জন্য বাংলো, অন্যান্য কর্মকর্তাদের জন্য ৫ তলার ১টি অফিসার্স কোয়ার্টার, ২ তলার ১টি জুনিয়র কমিশন্ড অফিসার্স মেস, ৫ তলার ১টি জুনিয়র কমিশন্ড অফিসার্স কোয়ার্টার নির্মিত হয়েছে এবং কমিশন্ড অফিসার মেসটিতে অফিসারগণ বসবাস করছেন। নিরাপত্তার জন্য সীমানা প্রাচীর এবং যোগাযোগের জন্য অভ্যন্তরীন রাস্তা নির্মাণ করা হয়েছে। সুতরাং প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১২.০ পরিদর্শনকালে গৃহীত কিছু স্থির চিত্র:



স্তুপিকৃত ফার্নিচার



দেয়ালের ড্যাম্প



অভ্যান্তরীণ রাস্তা নির্মাণের কাজ



ভূমি উন্নয়নের কাজ

১৩.০ পরিদর্শনকালে চিহ্নিত সমস্যাঃ

১৩.১ জুন, ২০১৮ তে প্রকল্পের কাজ সমাপ্ত হলেও ভূমি উন্নয়ন, অভ্যন্তরীন রাস্তা নির্মাণ, ভবনের রং করাসহ ফিনিশিং কাজ এবং আসবাবপত্র সরবাহের কাজ অসম্পন্ন রয়েছে।

১৩.২ জেসিও মেস এবং জেসিও কোয়ার্টার ভবনের কয়েকটি দেয়াল ড্যাম্প দেখা গেছে। সেগুলো মেরামত করা হচ্ছে।

১৩.৩ জেসিও মেসের ফ্লোরগুলো অপরিচ্ছন্ন দেখা গেছে;

১৩.৪ অফিসার্স কোয়ার্টারের জন্য সংগৃহীত আসবাবপত্র স্তুপ করে রাখা হয়েছে;

১৩.৫ পিসিআরে অডিট সংক্রান্ত তথ্য দেয়া হয়নি;

১৪.০ সুপারিশঃ

১৪.১ প্রকল্পের সকল কাজ জুন ২০১৮ তে সমাপ্তির জন্য নির্ধারিত থাকলেও ভবনের ফিনিশিং কাজ, অভ্যন্তরীন রাস্তা ও ভূমি উন্নয়ন ও আসবাবপত্র সংগ্রহের কাজ চলমান রয়েছে। এসকল কাজ জরুরি ভিত্তিতে সমাপ্ত করে আইএমইডিকে অবহিত করতে হবে ;

১৪.২. কাজ সম্পাদন না করে ঠিকাদারকে বিল পরিশোধ পরিকল্পনা শৃঙ্খলা এবং আর্থিক ব্যবস্থাপনা নীতিমালার পরিপন্থী। জননিরাপত্তা বিভাগ ও বিজিবি এ জাতীয় অনিয়মের কারণ অনুসন্ধানপূর্বক আইএমইডিকে অবহিত করবে এবং দায়-দায়িত্ব নিরুপন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৪.৩ দেয়ালের ড্যাম্প মেরামত করতে হবে এবং ভবিষ্যতে যাতে ড্যাম্প না হয় সে বিষয়ে ব্যবস্থা নিতে হবে;

১৪.৪ স্তুপিকৃত আসবাবপত্র জরুরি ভিত্তিতে ব্যবহারের ব্যবস্থা করতে হবে;

১৪.৫ ভবনগুলো যথাযথ মেইনটেনেন্স এর ব্যবস্থা করতে হবে;

১৪.৬ অনুচ্ছেদ ১৪.১ হতে ১৪.৫ এ উল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রতিবেদন জারির ৩০ কার্যদিবসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

এনটিএমসি'র নিজস্ব কার্যালয় ভবন নির্মাণ প্রকল্প – ১ম সংশোধিত শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর ২০১৭)

১.০	প্রকল্পের নাম	:	এনটিএমসি'র নিজস্ব কার্যালয় ভবন নির্মাণ প্রকল্প – ১ম সংশোধিত।
২.০	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ।
৩.০	বাস্তবায়নকারী সংস্থা	:	ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) এবং সেনাসদর, ই ইন সি'র শাখা (পূর্ত পরিদপ্তর), ঢাকা সেনানিবাস।
৪.০	প্রকল্প এলাকা	:	মাননীয় প্রধানমন্ত্রীর এাণ ভান্ডার সংলগ্ন এলাকা, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৫.০	প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়	:	০১ জুলাই ২০১৫ হতে ৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত এবং ব্যয় ৩৬১৪.৪৬ লক্ষ টাকা ।

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট টাকা (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
মোট টাকা (প্রঃ সাঃ)	মোট টাকা (প্রঃ সাঃ)						
২৩১৮.০০	৩৭৮৫.৪৪	৩৬১৪.৪৬	নভেম্বর ২০১৫ হতে জুন ২০১৭	নভেম্বর ২০১৫ হতে ডিসেম্বর ২০১৭	নভেম্বর ২০১৫ হতে ডিসেম্বর ২০১৭	৭৭%	১০০%

* প্রকৃত ব্যয় মূল প্রকল্প ব্যয়ের অপেক্ষা ১২৯৬.৪৬ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে।

৬.০ প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন (PCR -এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে) :

(ব্যয় লক্ষ টাকায়)

ক্রমিক নং	বিভিন্ন অংগের নাম	পরিকল্পিত লক্ষ্যমাত্রা (ডিডিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
১.	Stationary	১.৫০	১.৫০	১০০%	১০০%
২.	Advertisement	১.০০	১.০০	১০০%	১০০%
৩.	Consultancy	১২.০০	১২.০০	১০০%	১০০%
৪.	Honorarium	৭.৪৫	৭.৪৫	১০০%	১০০%
৫.	Testing Fee	১.২০	১.২০	১০০%	১০০%
৬.	Machineries & Equipment	৭২৬.৫০	৭২৬.৫০	১০০%	১০০%
৭.	Computer with Accessories	৬.০০	৬.০০	১০০%	১০০%

ক্রমিক নং	বিভিন্ন অংগের নাম	পরিকল্পিত লক্ষ্যমাত্রা (ডিডিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬
৮.	Furniture	৮৪.৭৬	৮৪.৭৬	১০০%	১০০%
৯.	Fire Fighting	১৬০.২৫	১৫৫.২৫	৯৬.৮৮%	১০০%
১০.	Site Improvement	২.০০	২.০০	১০০%	১০০%
১১.	Office Building	১০৪৮.২২	১০৪৮.২২	১০০%	১০০%
১২.	Other Building & Structure	১২০৫.৬৫	১১৯০.৮৩	৯৮.৭৭%	১০০%
১৩.	Road	১১৭.০০	১১৭.০০	১০০%	১০০%
১৪.	Drain	৩০.০৯	১৪.৯২	৪৯.৫৮%	১০০%
১৫.	External Water Supply	১৬৩.৪০	১০১.৮০	৬২.৩০%	১০০%
১৬.	Tele Communication	২.০০	২.০০	১০০%	১০০%
১৭.	External Electric Supply	৮৪.৪৫	৮৪.৪৫	১০০%	১০০%
১৮.	Gas Supply	৭.৯০	৭.৫০	৯৪.৯৪%	১০০%
১৯.	Others	৬০.৬৪	৫০.০৮	৮২.৫৮%	১০০%
	Sub -Total	৩৭২২.০১	৩৬১৪.৪৬	৯৭.১১%	-
	Physical Contingency	১০.২৩	-	-	-
	Price Contingency	৫৩.২০	-	-	-
	Total Project Cost	৩৭৮৫.৪৪	৩৬১৪.৪৬	৯৫.৪৮%	১০০%

৭.০ **সাধারণ পর্যবেক্ষণ** :

৭.১ **পটভূমি** : দেশের জাতীয় স্থিতিশীলতা ও নিরাপত্তা নিশ্চিতকল্পে আইন প্রয়োগকারী সকল সংস্থাকে ফলপ্রসু ও অত্যাধুনিক মনিটরিং সুবিধা প্রদান, টেলিযোগাযোগ খাতে উদীয়মান ঝুঁকি, টেলিযোগাযোগ এ্যাপ্লিকেশন/সফটওয়ারের অপব্যবহার ও সাইবার ক্রাইম প্রতিরোধের লক্ষ্যে ৩১ জানুয়ারি ২০১৩ সালে সরকারি আদেশের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃষ্ঠপোষকতায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে **"ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি)"** নামে একটি স্বতন্ত্র সংস্থা গঠিত হয়ে সদর দপ্তর ডিজিএফআই হতে যাত্রা শুরু করে। ১লা জানুয়ারি ২০১৭ তারিখে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধনের মাধ্যমে সদর দপ্তর ডিজিএফআই ভবন হতে স্থানান্তরিত হয়ে এনটিএমসি'র জন্য নবনির্মিত ভবনে সংস্থাটির দাপ্তরিক কার্যক্রম শুরু হয়। প্রতিষ্ঠা লগ্ন থেকে এটি ডিজিএফআই সদর দপ্তর হতে কার্যক্রম পরিচালনা করছে। কিন্তু এনটিএমসি'র কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিরাপদ, পৃথক ডেডিকেটেড সুবিধা সম্বলিত অবকাঠামো থাকা প্রয়োজন। এ লক্ষ্যে একটি অত্যাধুনিক ডাটা সেন্টারসহ আনুষঙ্গিক সুবিধা নিয়ে এনটিএমসি'র কার্যালয় নির্মাণের জন্য মূল প্রকল্পটি (১ম সংশোধিত)সহ মোট ৩৭৮৫.৪৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় এবং নভেম্বর ২০১৫ হতে ডিসেম্বর ২০১৭ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে

মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। প্রকৃত পক্ষে অনুমোদিত অর্থ হতে ৩৬১৪.৪৬ লক্ষ টাকা অবমুক্ত করা হয় এবং অবমুক্ত অর্থের মধ্যেই প্রকল্পটি সম্পন্ন করা হয়েছে।

৭.২ **প্রকল্পের উদ্দেশ্য ছিল নিম্নরুপ** :

(১) জাতীয় স্থিতিশীলতা ও নিরাপত্তা নিশ্চিতকল্পে আইন প্রয়োগকারী সকল সংস্থাকে ফলপ্রসু ও অত্যাধুনিক মনিটরিং সুবিধা প্রদান;

(২) এনটিএমসি-তে সকল ভৌত সুবিধাদি প্রদান;

(৩) টেলিযোগাযোগ খাতে উদীয়মান ঝুঁকি মোকাবেলার জন্য তথ্য প্রযুক্তি বিশেষজ্ঞ তৈরি;

(৪) এনটিএমসি-কে তথ্য প্রযুক্তি নির্ভর নিরাপত্তা প্রতিষ্ঠান কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করা;

(৫) টেলিযোগাযোগ এ্যাপ্লিকেশন/সফটওয়ারের অপব্যবহারসহ সাইবার ক্রাইম প্রতিরোধে প্রয়োজনীয় করণীয় নির্ধারণ ও সুপারিশ প্রদান করা।

৭.৩ **প্রকল্পের অনুমোদন অবস্থা** :

আলোচ্য প্রকল্পটি ২৩১৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর, ২০১৫ থেকে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ০৩ নভেম্বর ২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপিতে গত ২০ জুন ২০১৭ তারিখে ৩৭৮৫.৪৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৭.৪ **প্রকল্পের মূল কার্যক্রম** :

(১) অফিস ভবন নির্মাণ
(২) ডাটা সেন্টার নির্মাণ
(৩) বাউন্ডারী ওয়াল
(৪) মেশিনারী ও ইকুইপমেন্ট ক্রয়
(৫) বহি: পানি সরবরাহ এর সংস্থান রাখা
(৬) বহি: বিদ্যুতায়ন
(৭) ওয়াটার রিজার্ভার
(৮) ডিপ-টিউবওয়েল নতুনভাবে অন্তর্ভূক্তি
(৯) টেলি যোগাযোগ
(১০) গ্যাস সরবরাহ
(১১) ভিআরএফ প্রযুক্তির কেন্দ্রিয় শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার সংস্থান রাখা
(১২) ২টি প্যাসেঞ্জার লিফট সংযোজন
(১৩) রাস্তা নির্মাণে ফ্লেক্সিবল পেভমেন্ট এর পরিবর্তে রিজিড পেভমেন্ট
(১৪) সড়ক নির্মাণ
(১৫) অত্যাধুনিক অগ্নি নির্বাপক সরঞ্জাম
(১৬) কম্পিউটার ও সরঞ্জামাদি
(১৭) সাইট উন্নয়ন
(১৮) আসবাবপত্র এবং
(১৯) বিবিধ

৭.৫ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** :

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় এনটিএমসি'র নিজস্ব কার্যালয় ভবন নির্মাণ প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। নিম্নেবর্ণিত কর্মকর্তাবৃন্দ প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন :

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	কার্যকাল		মন্তব্য
		শুরু	পর্যন্ত	
০১	লেঃ কর্ণেল মোহাম্মদ আজিজুর রউফ, পিএসসি, ইঞ্জিনিয়ার্স	নভেম্বর ২০১৫	ডিসেম্বর ২০১৭	পূর্ণকালীন

৭.৬ **<u>প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি</u>** :

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত (১ম সংশোধন) অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৩৭৮৫.৪৪ লক্ষ টাকা। মন্ত্রণালয় থেকে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির ডিসেম্বর ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি মোট ৩৬১৪.৪৬ লক্ষ টাকা

(৯৫.৪৮%)। প্রকল্পটির অনুকুলে ২০১৫-২০১৬ হতে ২০১৭-২০১৮ বছর পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ণ কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হল:

(লক্ষ টাকায়)

আর্থিক বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্ত	ব্যয়		
	মোট টাকা	জিওবি	পিএ	টাকা	মোট টাকা	জিওবি	পিএ
২০১৫-২০১৬	১০৫৬.০০	১০৫৬.০০	-	১০৫৬.০০	১০৫৬.০০	১০৫৬.০০	-
২০১৬-২০১৭	১২৬২.০০	১২৬২.০০	-	১২৩৬.৭৭	১২৩৬.৭৭	১২৩৬.৭৭	-
২০১৭-২০১৮	১৪২৯.২৪	১৪২৯.২৪	-	১৩২১.৬৯	১৩২১.৬৯	১৩২১.৬৯	-
মোট	**৩৭৪৭.২৪**	**৩৭৪৭.২৪**	**-**	**৩৬১৪.৪৬**	**৩৬১৪.৪৬**	**৩৬১৪.৪৬**	**-**

নোট : বরাদ্দকৃত অবশিষ্ট অর্থ টিআর এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়েছে।

৮.০ **<u>প্রকল্প পরিদর্শন</u>** :

গত ০২/০৭/২০১৮ তারিখে আলোচ্য প্রকল্পের প্রকল্প এলাকা মাননীয় প্রধানমন্ত্রীর এাণ ভান্ডার সংলগ্ন তেজগাঁও, ঢাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রাক্তন প্রকল্প পরিচালক উপস্থিত ছিলেন। প্রকল্পটি গত ডিসেম্বর ২০১৭ মাসে সমাপ্তির পর ইতোমধ্যে অডিট সম্পন্ন হয়েছে। প্রকল্পটি ব্যয় মূল অনুমোদিত প্রকল্পের চেয়ে বৃদ্ধি পাওয়ার কারণ হিসেবে বলা হয় যে, ভবনের ভিতর শীতোতাপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপন এবং অন্যান্য স্থাপনা স্থাপনের জন্য ব্যয় এবং মেয়াদ ০১ বছর বৃদ্ধি পেয়েছে। পরিদর্শনের সময় নির্মিত ভবনে আলোচ্য প্রকল্পের আওতায় ক্রয়কৃত সরঞ্জাম/ যন্ত্রপাতি ইত্যাদি সরেজমিন দেখা হয়। পরিদর্শনকালে দেখ যায় ক্রয়কৃত লিফট, ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট, প্রবেশ নিয়ন্ত্রণ ইত্যাদি সরঞ্জাম/ যন্ত্রপাতির ইতোমধ্যে কার্যকর ব্যবহার শুরু করা হয়েছে।। পরিদর্শনের সময় প্রাক্তন প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আওতায় সরবরাহকৃত সরঞ্জাম/ যন্ত্রপাতি ক্রয়ের মাধ্যমে সংস্থাটির কার্যক্রম শুরু করা হয়েছে। ক্রয়কৃত যন্ত্রপাতি / সরঞ্জাম বর্তমানে সচল আছে। এসকল সরঞ্জাম/ যন্ত্রপাতির মেরামত সংরক্ষণের জন্য নিয়মিত রাজস্ব বাজেটে সংস্থান রাখা প্রয়োজন। নিয়মিত রাজস্ব বাজেটে অর্থের সংস্থান না থাকলে পকল্পের আওতায় ক্রয়কৃত সরঞ্জাম/ যন্ত্রপাতি নস্ট হয়ে যেতে পারে। এ বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করা হয়। প্রকল্পের আওতায় নির্মিত ভবন মানসম্পন্নভাবে নির্মাণ করা হয়েছে মর্মে বাহ্যিকভাবে গোচরীভূত হয়। প্রাক্তন প্রকল্প পরিচালক নির্মাণ উপকরণের মান সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন। প্রকল্পের আওতায় প্রধান কার্যালয় নির্মাণ আভ্যন্তরীন সজ্জা, গেইট, সেপটিক ট্যাংক, বজ্র নিরোধক যন্ত্র, সেন্ট্রী পোস্ট ইত্যাদি কাজ প্রকল্পের আওতায় করা হয় এবং পরিদর্শনের সময় উক্ত কাজ সুচারুভাবে সম্পন্ন হয়েছে মর্মে দেখা যায়।
প্রকল্প পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:

চিত্র



বর্ণনাঃ এনটিএমসি কর্তৃক বাস্তবায়িত “এনটিএমসি’র নিজস্ব কার্যালয় ভবন নির্মাণ প্রকল্প – ১ম সংশোধিত” শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় নির্মিত ভবন সরেজমিন পরিদর্শনের চিত্র।



বর্ণনাঃ এনটিএমসি কর্তৃক বাস্তবায়িত “এনটিএমসি’র নিজস্ব কার্যালয় ভবন নির্মাণ প্রকল্প – ১ম সংশোধিত” শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় নির্মিত ভবন সরেজমিন পরিদর্শনের চিত্র।

৯.০ **ক্রয় সংক্রান্ত তথ্যাদি** : আলোচ্য প্রকল্পের মাধ্যমে যে সকল নির্মাণকাজ/মালামাল ক্রয় করা হয়েছে তা পিপিআর অনুসারে প্রক্রিয়াকরণ ও গঠিত দরপত্র মূল্যায়ণ কমিটি কর্তৃপক্ষের অনুমোদন ও সুপারিশক্রমে সম্পন্ন করা হয়েছে। দরপত্র মূল্যায়ণ কমিটিতে বিভাগ/সংস্থা বহির্ভূত অন্যান্য বিভাগ/সংস্থার ২ (দুই) জন সদস্য নিয়মানুযায়ী অর্ন্তভূক্ত করা হয়েছে।

১০.০ **অডিট নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি :** অডিট অধিদপ্তর হতে পর্যবেক্ষণ পাওয়া যায়নি।

১১.০ **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
(১) জাতীয় স্থিতিশীলতা ও নিরাপত্তা নিশ্চিতকল্পে আইন প্রয়োগকারী সকল সংস্থাকে ফলপ্রসু ও অত্যাধুনিক মনিটরিং সুবিধা প্রদান; (২) এনটিএমসি-তে সকল ভৌত সুবিধাদি প্রদান; (৩) টেলিযোগাযোগ খাতে উদীয়মান ঝুঁকি মোকাবেলার জন্য তথ্য প্রযুক্তি বিশেষজ্ঞ তৈরি; (৪) এনটিএমসি-কে তথ্য প্রযুক্তি নির্ভর নিরাপত্তা প্রতিষ্ঠান কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করা; (৫) টেলিযোগাযোগ এ্যাপ্লিকেশন/সফটওয়ারের অপব্যবহারসহ সাইবার ক্রাইম প্রতিরোধে প্রয়োজনীয় করণীয় নির্ধারণ ও সুপারিশ প্রদান করা।	প্রকল্পের আওতায় বিভিন্ন ধরনের অত্যাধুনিক অপারেশনাল সরঞ্জামাদি ক্রয় করার ফলে এনটিএমসি'র প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি পেয়েছে। ভৌত সুবিধাদি নির্মাণ করা হয়েছে। টেলিযোগাযোগ খাতে ঝুঁকি মোকাবেলার জন্য তথ্য প্রযুক্তি বিশেষজ্ঞ তৈরী করা হয়েছে। প্রধান কার্যালয় নির্মাণ লিফট, ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্ট, প্রবেশ নিয়ন্ত্রণ, আভ্যন্তরীন সজ্জা, গেইট, সেপ টিক ট্যাংক, বজ্র নিরোধক যন্ত্র, সেন্ট্রী পোস্ট নির্মাণ ইত্যাদি কাজ প্রকল্পের আওতায় করা হয়। সার্বিকভাবে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে বলা যায়।

১২.০ **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হয়ে থাকলে তার কারণ :** প্রযোজ্য নয়।

১৩.০ **সমস্যাঃ**

১৩.১ সরঞ্জাম/ যন্ত্রপাতি ব্যবহারের ফলে কিছু সরঞ্জাম/ যন্ত্রপাতির মান কিছুটা নস্ট হয়েছে। এসকল সরঞ্জাম/ যন্ত্রপাতির মেরামত ও সংরক্ষণ করা প্রয়োজন;

১৩.২ নির্মিত ভবনে সোলার প্যানেল স্থাপন করা হয়নি।

১৪.০ **সুপারিশ /মেরামতঃ**

১৪.১ বিভিন্ন বিওপিতে সরঞ্জাম/ যন্ত্রপাতি ব্যবহারের ফলে কিছু সরঞ্জাম/ যন্ত্রপাতির মান নস্ট হয়েছে। এসকল সরঞ্জাম/ যন্ত্রপাতির মেরামত ও সংরক্ষণ করতে হবে;

১৪.২ ক্রয়কৃত যন্ত্রপাতি / সরঞ্জাম বর্তমানে সচল আছে। এসকল সরঞ্জাম/ যন্ত্রপাতির মেরামত সংরক্ষণের জন্য নিয়মিত রাজস্ব বাজেটে সংস্থান রাখা প্রয়োজন।

১৪.৩ নির্মিত ভবনে সোলার প্যানেল স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৪.৪ প্রকল্পের অডিট সম্পন্ন হলেও অডিট অধিদপ্তর হতে পর্যবেক্ষণ পাওয়া যায়নি। অডিট অধিদপ্তর হতে পর্যবেক্ষণ সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৫। প্রতিবেদনের অনুচ্ছেদ নং ১৪.১ হতে ১৪.৪ পর্যন্ত সুপারিশের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণপূর্বক আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমই বিভাগকেকে অবহিত করতে হবে।

পুলিশ বিভাগের ৫০টি সার্কেল এএসপির অফিস কাম বাসভবন নির্মাণ (প্রথম পর্যায়ে ২৫টি)(সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৮)

০১.	প্রকল্পের নাম	পুলিশ বিভাগের ৫০টি সার্কেল এএসপি'র অফিস কাম বাসভবন নির্মাণ (প্রথম পর্যায়ে ২৫টি) (সংশোধিত)।
০২.	উদ্যোগী বিভাগ/মন্ত্রণালয়	জননিরাপত্তা বিভাগ, স্বরাস্ট্র মন্ত্রণালয়।
০৩.	বাস্তবায়নকারী সংস্থা	বাংলাদেশ পুলিশ এবং গণপূর্ত অধিদপ্তর।
০৪.	প্রকল্পের ধরণ	বিনিয়োগ প্রকল্প।
০৫.	প্রকল্পের অর্থায়ন	বাংলাদেশ সরকার।

০৬. প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের
মূল	সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
৩৮২৮.৯৯	৩৩৪৭.৪২	৩৩২৬.৪৪	জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৭	জুলাই, ২০১৫ হতেজুন, ২০১৮	জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৮	৫০২.৫৫ (১৩.২২%)	০১ বছর (৫০%)

তথ্যসূত্র: জননিরাপত্তা বিভাগের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)

০৭. প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা/সিটি কর্পোরেশন/পৌরসভা	সার্কেল অফিস	বিভাগ	জেলা	উপজেলা/সিটি কর্পোরেশন/পৌরসভা	সার্কেল অফিস
ঢাকা	মানিকগঞ্জ	মানিকগঞ্জ সদর	সদর সার্কেল	রংপুর	নীলফামারী	নীলফামারী	সৈয়দদপুর সার্কেল
	গোপালগঞ্জ	গোপালগঞ্জ সদর	সদর সার্কেল		দিনাজপুর	দিনাজপুর	বীরগন্জ সার্কেল
	টাংগাইল	টাংগাইল	গোপালপুর সদর		রংপুর	রংপুর	বি-সার্কেল
	ময়মনসিংহ	কেন্দুয়া	গফরগাও সার্কেল	বরিশাল	বরিশাল	গৌরনদী	গৌরনদী সার্কেল
	নেত্রকোনা	নেত্রকোনা সদর	বারহাট্টা সার্কেল		বরগুনা	বেতাগী সার্কেল	বেতাগী সার্কেল
চট্টগ্রাম	চাঁদপুর	চাঁদপুর	হাজীগন্জ সার্কেল	সিলেট	হবিগঞ্জ	হবিগঞ্জ	দক্ষিণ সার্কেল
	চট্টগ্রাম	চট্টগ্রাম	সাতকানিয়া সার্কেল		মৌলভীবাজার	মৌলভীবাজার	সদর সার্কেল
	কক্সবাজার	কক্সবাজার	উখিয়া সার্কেল	খুলনা	খুলনা	সদর	ক- সার্কেল
	খাগড়াছড়ি	খাগড়াছড়ি	রামগড় সার্কেল		বাগেরহাট	বাগেরহাট সমদর	মোরেলগন্জ সার্কেল
	কুমিল্লা	কুমিল্লা	মুরাদনগর সার্কেল		কুষ্টিয়া	ভেড়ামারা	ভেড়ামারা সার্কেল
	রাঙামাটি	রাঙামাটি	কাপ্তাই সার্কেল		ঝিনাইদহ	কোর্টচাদপুর	কোর্টচাদপুর সার্কেল

বিভাগ	জেলা	উপজেলা/সিটি কর্পোরেশন/পৌরসভা	সার্কেল অফিস	বিভাগ	জেলা	উপজেলা/সিটি কর্পোরেশন/পৌরসভা	সার্কেল অফিস
রাজশাহী	নওগাঁ	নওগাঁ	সদর সার্কেল				
	পাবনা	বেড়া	বেঁড়া সার্কেল				
	নওগাঁ	মান্দা	মান্দা সার্কেল				

০৮. <u>প্রকল্পের অনুমোদন ও সংশোধন:</u>

মূল প্রকল্প ০৯ জুন ২০১৫ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে বাংলাদেশ পুলিশের সার্কেল অফিসের পুনর্বিণ্যাসের কারণে বেতাগী সার্কেল বিলুপ্ত হয়ে যাওয়ায় প্রকল্প থেকে বাদ দেয়া, সীমানা প্রাচীর ও রাস্তার দৈর্ঘ্য (সদর সার্কেল, গোপালগঞ্জ; সদর সার্কেল, মৌলভীবাজার; বারহাট্টা সার্কেল, নেত্রকোনা; ভেড়ামারা সার্কেল, কুষ্টিয়া; বেড়া সার্কেল, পাবনা ও কোর্ট চাঁদপুর, ঝিনাইদহ স্টেশনে)মূল দরপত্রের চেয়ে বৃদ্ধি পাওয়ায়, কিছু ফিনিংশিং আইটে দরপত্রে অন্তর্ভুক্ত হওয়ায়, পাইলের দৈর্ঘ্য (মোড়লগঞ্জ, বাগেরহাট ও গৌরনদী, বরিশাল স্টেশনে) বৃদ্ধি পাওয়ায়, জমি নীচু হওয়ায় (বারহাট্টা, নেত্রকোনা; হাজীগঞ্জ সার্কেল, চাঁদপুর; উখিয়া সার্কেল, কক্সবাজার; সাতকানিয়া সার্কেল, চট্টগ্রাম; রামগড় সার্কেল, খাগড়াছড়ি; মুরাদনগর সার্কেল, কুমিল্লা; সৈয়দপুর সার্কেল, নীলফামারী ও মোড়লগঞ্জ সার্কেল, বাগেরহাট) ভূমি উন্নয়ন ব্যয় বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের সংশোধন করা হয়। প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি ০৬ জুন ২০১৮ তারিখে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

০৯. <u>প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:</u>

প্রতিটি থানার সার্বিক কার্যক্রম তদারকির নিকটতম কর্মকর্তা হচ্ছেন সার্কেল অফিসার বা এএসপি। এ তদারকি কাজ নিশ্চিত ও কার্যকর করার লক্ষ্যে থানা এলাকায় এএসপি'র সার্বক্ষণিক উপস্থিতি প্রয়োজন। এ কারণে এএসপি অফিস এবং বাসভবন একত্রে স্থাপন করা হলে কর্মস্থলে তাদের সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করা যাবে এবং থানাসমূহের তদারকি কার্যক্রম সম্পাদন করা সুবিধাজনক হবে। উল্লেখ্য যে, সারাদেশে সার্কেল এএসপি অফিসের সংখ্যা ১২৪ টি যার অধিকাংশই বৃটিশ আমলে নির্মিত সেমিপাকা টিনশেড ভবন যেগুলো অনেক আগেই ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। অন্যান্য সার্কেল অফিসগুলোও প্রতিষ্ঠার পর হতে পুরাতন জরাজীর্ণ ভবন, পরিত্যক্ত সম্পত্তি এমনকি থানা ভবনের মধ্যে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করছে। এছাড়া নির্ধারিত বাসভবন না থাকার কারণে কর্মকর্তাগণ কর্মস্থল থেকে অপেক্ষাকৃত দূরে বসবাস করেন বিধায় দাপ্তরিক কার্যক্রম সম্পাদনে অসুবিধা সৃষ্টি হয়। এ প্রেক্ষাপটে "পুলিশ বিভাগের ৫০টি সার্কেল এএসপি'র অফিস কাম বাসভবন নির্মাণ (প্রথম পর্যায়ে ২৫টি) " প্রকল্প বাস্তবায়নের জন্য গৃহীত হয়।

১০. <u>প্রকল্পের উদ্দেশ্য:</u>

দেশের আইন শৃঙ্খলা সুষ্ঠুভাবে পরিচালনার সুবিধার্থে দেশের বিভিন্ন জেলায় কর্মরত সার্কেল এএসপি'দের জন্য অফিস কাম বাসভবন নির্মাণ করা।

১১ . <u>প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি:</u> (পিসিআর মোতাবেক)

(লক্ষ টাকায়)

ক্রমিক	কাজের নাম	ডিপিপিতে লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
০১.	কর্মকর্তাদের বেতন ও ভাতাদি	০২	১১.০০	থোক	৯.৯৬
০২	স্টাফদের বেতন ও ভাতাদি	১২৬		থোক	
০৩.	জ্বালানী ও লুব্রিকেন্ট	থোক	৭.০০	থোক	৬.৫৮
০৪.	কাঠামোগত নকশা ও ডিজাইন স্থাপত্য	থোক	১৪.০০	থোক	১৩.৯৯

ক্রমিক	কাজের নাম	ডিপিপিতে লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	নকশা, প্রাক্কলন, টেন্ডার দলিলাদি ইত্যাদি প্রস্তুতকরণ ও নমুনা				
০৫.	স্টেশনারী ক্রয়	থোক	২.০০		১.৯৯
০৬.	বিজাপন	৫০টি	১৫.০০		১৪.৯৮
০৭.	ফি/পারিশ্রমিক ও সম্মানী	থোক	৭.৫০		৫.৩৮
০৮.	টপোগ্রাফী সার্ভে	২৫টি	৬.০০		৪.৮০
	উপমোট (রাজস্ব)		৬২.৫০		৫৭.৯৫
০৯.	গাড়ী ক্রয়	১	৬২.০০	৬২.০০	
১০.	কম্পিউটার ও আনুসংগিক সরন্জামাদি	২	১.৫০	১.৫০	
১১.	অফিস সরন্জামাদি	৩টি	২.০০	১.৫	
১২.	আসবাবপত্র, তৈজসপত্র ইত্যাদি	১৫ সেট	২.০০	২.০০	
	ভূমি উন্নয়ন	৭৪২৮.৩৯ ঘ:মি	১৬.১৩		
	পূর্ত কাজ	৮৪৩১.২৩ ঘ.মি	২৫১৯.০৮	৩২০১.৪৯	
	অন্যান্য ভবন ও অবকাঠামো	২৫	৬৮২.২১		
	উপমোট (মূলধন)		৩২৮৪.৯২	৩২৬৮.৪৯	
	সর্বমোট		৩৩৪৭.৪২	৩৩২৬.৪৪	

তথ্যসূত্র: পিসিআর

১২. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ড. চৌধুরী মো: জাবের সাদেক, অতিরিক্ত পুলিশ সুপার, ১৯ অক্টোবর ২০১৫ হতে প্রকল্পের সমাপ্তি অবধি খন্ডকালীন দায়িত্ব হিসেবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন।

১৩. সংশোধিত ডিপিপিতে আর্থিক সংস্থান, অর্থ বরাদ্দ, অর্থ ছাড় ও অর্থ ব্যয়:

প্রকল্পের অনুকূলে মোট ৩৩৪৭.৪২ লক্ষ টাকা করাদ্দ প্রদান করা হয়েছে। ছাড় হয়েছে ৩৩৪৭.৪২ লক্ষ টাকা। ব্যয় হয়েছে ৩৩২৬.৪৪ লক্ষ টাকা যা প্রকল্প ব্যয়ের ৯৯.৩৭% ।

অর্থ বছর	মূল ডিপিপিতে আর্থিক সংস্থান	১ম সংশোধিথ ডিপিপিতে আর্থিক সংস্থান	সংশোধিত এডিপি বরাদ্দ	অর্থ ছাড়	অর্থ ব্যয়
২০১৫-১৬	৩০০.০০	২৯৯.২৪	২৯৯.২৪	২৯৯.২৪	২৯৯.২৪
২০১৬-১৭	৩৫২৮.৮৯	১৬৯৯.৫৬	১৬৯৯.৫৬	১৬৯৯.৫৬	১৬৯৯.৫৬
২০১৭-১৮		১৩৪৮.৬২	১৩৪৮.৬২	১৩৪৮.৬২	১৩২৭.৬৪
	৩৮২৮.৮৯	**৩৩৪৭.৪২**	**৩৩৪৭.৪২**	**৩৩৪৭.৪২**	**৩৩২৬.৪৪**

তথ্যসূত্র: পিসিআর

১৪. প্রকল্পের বাস্তবায়ন সরেজমিনে পরিদর্শন:

আইএমডি কর্তৃক দৈবচয়নের ভিত্তিতে ০৮টি প্রকল্প সাইট অর্থাৎ কাপ্তাই সার্কেল (রাঙামাটি), রামগড় সার্কেল (খাগড়াছড়ি), সদর সার্কেল (মৌলভীবাজার), গফরগাঁও সার্কেল (ময়মনসিংহ), সৈয়দপুর সার্কেল (নীলফামারী), বি -সার্কেল (রংপুর), ক - সার্কেল (খুলনা) ও মোড়লগঞ্জ সার্কেল (বাগেরহাট) সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের পর্যবেক্ষণসমূহ নিম্নরূপ:

- কাপ্তাই সার্কেল, রাঙামাটি :

৩০ নভেম্বর ২০১৮ তারিখে কাপ্তাই সার্কেল, রাঙামাটিতে প্রকল্পের আওতায় নির্মিত এএসপি'র অফিস কাম বাসভবন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার ও রাঙামাটি পিডব্লিউডি বিভাগের উপ বিভাগীয় প্রকৌশলী উপস্থিত ছিলেন। পুলিশ বিভাগের নিজস্ব জমিতে ৬ তলা ফাউন্ডেশন বিশিষ্ট দোতলা ভবনের নির্মাণ কাজ ৩১ মে ২০১৮ তারিখে সমাপ্ত হয়। আগষ্ট ২০১৮ মাসে পুলিশ বিভাগের নিকট ভবন হস্তান্তর করা হয়েছে। নভেম্বর ২০১৮ হতে অফিস কাম বাসভবন ব্যবহার করা হচ্ছে। অনুমোদিত ডিজাইন অনুসারে ভবনটি নির্মাণ করা হয়েছে। নিচতলায় ভিজিটর স্পেস, ০৩টি অফিস স্পেস, ০১ টি মিনি কনফারেন্স রুম করা হয়েছে। দোতলায় ০৩টি বেডরুম, ডাইনিং কাম ফ্যামিলি লিভিং ০১টি, লিভিং রুম রয়েছে। বহি: পানি সরবরাহ, বহি: বৈদ্যুতিক ব্যবস্থা, গ্যারেজ, সীমানা প্রাচীর, সারফেস ড্রেন, অভ্যন্তরীণ সড়ক নির্মাণ করা হয়েছে। কাজের মান আপাতদৃষ্টিতে ভালো মনে হয়েছে। বর্তমানে নতুন ভবনে শুধুমাত্র অতিরিক্ত এএসপি অফিস করছেন। প্রয়োজনীয় ফার্নিচার নেই বিধায় ইন্সপেক্টর, এসএআই ও ০৪ জন কনস্টেবল নতুন ভবনে অফিস করতে পারছেন না। ভবনে কোন জেনারেটর নেই মর্মে অতিরিক্ত পুলিশ সুপার জানান।

- রামগড় সার্কেল, খাগড়াছড়ি:

০১ ডিসেম্বর ২০১৮ তারিখে রামগড় সার্কেল, খাগড়াছড়ি কাপ্তাই সার্কেলে নবনির্মিত এএসপি'র অফিস কাম বাসভবন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার ও খাগড়াছড়ি পিডব্লিউডি বিভাগের নির্বাহী প্রকৌশলী, উপ বিভাগীয় প্রকৌশলী উপস্থিত ছিলেন। মূল ভবন নির্মিত হয়েছে। গ্যারেজ, জলাধার নির্মাণ, সাবমারসিবল পাম্প স্থাপন করা হয়েছ। ঠিকাদারকে ২০ অক্টোবর ২০১৬ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ প্রদানের ০৯ মাসের মধ্যে কাজ সম্পন্নের জন্য নির্ধারিত ছিল। কিন্তু ঠিকাদার পরিদর্শনকালীন সময় পর্যন্ত কাজ সম্পন্ন করতে পারেনি। পরিদর্শনকালে ড্রেনের কাজ, পেইন্টিং এর কাজ, পোর্চে টাইলস্ বসানোর কাজ করতে দেখ যায়। ভবনটি হস্তান্তর করা হয়নি এবং চালু হয়নি। ইলেকট্রিক ফিটিংস্, ফ্যান লাগানো হয়নি।

- সদর সার্কেল মৌলভীবাজার:

০১ ডিসেম্বর ২০১৮ তারিখে সদর সার্কেল, মৌলভীবাজারে নবনির্মিত এএসপি'র অফিস কাম বাসভবন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার ও মৌলভীবাজার পিডব্লিউডি বিভাগের নির্বাহী প্রকৌশলী ও উপ বিভাগীয় প্রকৌশলী উপস্থিত ছিলেন। ভবনটি পুলিশ বিভাগের নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়নি। তবে ভবন ব্যবহার করা হচ্ছে। ড্রেন, গ্যারেজ, ইন্টারনাল রোড, গভীর নলকূপ, সীমান প্রাচীর করা হয়েছে। কোন বিশেষ অসুবিধা নেই। পরিদর্শনে জানা যায় যে, গভীর নলকূপ হতে আয়রন আসে। নলকূপে পিউরিফায়ার স্থাপন করা প্রয়োজন মর্মে পিডব্লিউডি এর প্রকৌশলীগণ অবহিত করেন।

- গফরগাঁও সার্কেল, ময়মনসিংহ:

১৭ মে ২০১৯ তারিখে গফরগাঁও সার্কেল, ময়মনসিংহ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে পিডব্লিউডি বিভাগের উপ বিভাগীয় প্রকৌশলী উপস্থিত ছিলেন। জুন ২০১৭ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়া কার্যাদেশ প্রদানের ১২ মাসের মধ্যে কাজ সম্পন্নের জন্য নির্ধারিত ছিল। কাজ সমাপ্ত হয়নি। ৬ তলা ফাউন্ডেশন বিশিষ্ট দোতলার মূল ভবন নির্মাণ করা হয়েছে। টাইলস্ এর কাজ চলমান দেখা যায়। স্যানিটারি ফিটিংসসমূহ ও দরজার সিটকানি ভালো মানের নয়। জলছাদের নেট সিমেন্ট কোটিং উঠে গেছে। অভ্যন্তরীণ সড়ক করা হয়নি। টিউবওয়েলে কোন প্লাটফরম নেই। ভবনটি চালু হয়নি।

- মোড়েলগঞ্জ সার্কেল, বাগেরহাট:

২০ মে ২০১৯ তারিখে মোড়েলগ ঞ্জ সার্কেল, বাগেরহাট পরিদর্শন করা হয়। মূল ভবন নির্মিত হয়েছে। ২৬ নভেম্বর ২০১৭ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। ৩১ অক্টোবর ২০১৮ তারিখ কাজ সম্পন্নের জন্য নির্ধারিত ছিল। গ্যারেজ নির্মাণ হয়নি। মাটি কাটতে দেখা যায়। বাউন্ডারী ওয়ালের প্লাষ্টারের কাজ বাকী রয়েছে। ভবনের দেয়াল সংলগ্ন এপ্রোনে ফাটল দেখা দিয়েছে।

ভবনের সামনের সিড়িতে মার্বেল স্টোন বসানো হয়নি। ভবন নির্মাণ পুরোপুর শেষ না হলেও এটি ব্যবহার করা হচ্ছে। ইন্সপেক্টর, সাব ইন্সপেক্টর, এস আই নেই। ২ জন কনস্টেবল রয়েছে।

- ক- সার্কেল, খুলনা:

২০ মে ২০১৯ তারিখে ক- সার্কেল, খুলনা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে অতিরিক্ত পুলিশ সুপার এবং পিডব্লিউডি বিভাগের উপ বিভাগীয় প্রকৌশলী উপস্থিত ছিলেন। ভবনটি পুলিশ বিভাগের নিকট হস্তান্তর করা হয়েছে। গত বছরের জুন থেকে ভবনটি ব্যবহার করা হচ্ছে। ডিজাইন অনুসরণ করে করা হয়েছে। কাঠ, ফিটিংস, স্যানিটারি ফিটিংস ভালো মানের মনে হয়েছে। জলছাদে ফাটল দেখা দিয়েছে। পরিদর্শনে জানা যায় যে, সার্কেল অফিসে সাব ইন্সপেক্টর ও এএসআই নেই।

- সৈয়দপুর সার্কেল, নীলফামারী :

০১ জুন ২০১৯ তারিখে সৈয়দপুর সার্কেল, নীলফামারীতে নির্মিত এএসপি'র অফিস কাম বাসভবন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে পিডব্লিউডি বিভাগের উপ বিভাগীয় প্রকৌশলী ও পুলিশ বিভাগের লোকজন উপস্থিত ছিলেন। ভবনটি ব্যবহার করা হচ্ছে। ডিজাইন অনুসারে নির্মাণ করা হয়েছে। কিছু কিছু ত্রুটি পরিলক্ষিত হয়। যেমন: ভবনে ভালো কাঠ ব্যবহার করা হয়নি। অভ্যন্তরীণ সড়কের খোয়া বের হয়ে যাচ্ছে। ছাদে সিমেন্টের কোটিং উঠে গেছে।

- বি সার্কেল,রংপুর :

০১ জুন ২০১৯ তারিখে সৈয়দপুর সার্কেল, নীলফামারীতে নির্মিত অফিস কাম বাসভবন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে পিডব্লিউডি বিভাগের উপ বিভাগীয় ও অতিরিক্ত পুলিশ সুপার উপস্থিত ছিলেন। ভবনটি ২০১৮ সালের মার্চে হস্তান্তর হয়েছে। নভেম্বর ২০১৮ তারিখে ব্যবহার শুরু হয়েছে। বহি: পানি সরবরাহ, বহি: বৈদ্যুতিক ব্যবস্থা, গ্যারেজ, সীমানা প্রাচীর, সারপেস ড্রেন, অভ্যন্তরীণ সড়ক নির্মাণ করা হয়েছে। কাজের মান আপাতদৃষ্টিতে ভালো মনে হয়েছে।

১৫. প্রকল্প পরিদর্শনকালে গৃহীত ছবি



ক- সার্কেল, খুলনা এএসপি'র অফিস কাম বাসভবন



সৈয়দপুর সার্কেল, নীলফামারী এএসপি'র অফিস কাম বাসভবন





মোড়লগঞ্জ সার্কেল, বাগেরহাট এএসপি'র অফিস কাম বাসভবন ও নির্মাণাধীন সীমানা প্রাচীর



বি সার্কেল,রংপুর এএসপি'র অফিস কাম বাসভবন



সদর সার্কেল,মৌলভীবাজার এএসপি'র অফিস কাম বাসভবন





গফরগাঁও সার্কেল, ময়মনসিংহ এএসপি'র অফিস কাম বাসভবন ও টাইলসব বসানোর কাজ

১৬. <u>আইএমইডি এর পর্যবেক্ষণ:</u>

১৬.১ প্রকল্পের সার্বিক আর্থিক অর্জন হয়েছে ৯৯.৩৭%। ভৌত কাজের মধ্যে ডিপিপিতে নির্ধারিত ২৫ টি এএসপি সার্কেল অফিস কাম বাসভবনের মধ্যে ২৪ টি নির্মাণ করা হয়েছে। বাংলাদেশ পুলিশের সার্কেল অফিসের পুনর্বিণ্যাসের কারণে বেতাগী সার্কেলে (বরগুনা) ভবন নির্মাণ করা হয়নি।

১৬.২ আলোচ্য প্রকল্প বাস্তবায়নের ফলে বিভিন্ন জেলায় এএসপি 'দের জন্য অফিস কাম বাসভবন নির্মিত হওয়ায় পুলিশের সার্কেল অফিসে উন্নত কর্ম পরিবেশ সৃষ্টি হবে যা দেশের আইন শৃঙ্খলা সুষ্ঠুভাবে পরিচালনার ইতিবাচক ভূমিকা রাখবে আশা করা যায়।

১৬.৩ প্রকল্পের বাস্তবায়ন জুন ২০১৮ তে সম্পন্ন হয়েছে। পরিদর্শিত ০৮টি সাইটে মূল ভবন নির্মিত হলেও ০৩টি সাইটে অর্থাৎ রামগড় (খাগড়াছড়ি), গফরগাঁও (ময়মনসিংহ) ও মোড়লগ ঞ্জ (বাগেরহাট) সাইটে প্রকল্প সমাপ্তির পরও বিভিন্ন পূর্ত ও ফিনিশিং কাজ বাকী রয়েছে।। প্রকল্প শেষ হলেও এ তিনটি সাইটে কাজ শেষ হয়নি। মোড়লগঞ্জ সার্কেল অফিসের ব্যবহার শুরু হলেও গফরগাঁও ও রামগড়ের সার্কেল অফিসের ব্যবহার শুরু হয়নি। এর ফলে স্থানীয় জনগণের প্রকল্পের সুবিধা পেতে বিলম্ব হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না করায় ঠিকাদারের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

১৬.৪ পরিদর্শিত ০৮টি সাইটের মধ্যে ০২টি সাইটে অর্থাৎ গফরগাঁও (ময়মনসিংহ) ও সৈয়দপুর (নীলফামারী) সাইটে বিভিন্ন ত্রুটি পরিলক্ষিত হয়েছে যার মধ্যে রয়েছে নিম্নমানের স্যানিটারী ফিটিংস এর ব্যবহার /নিম্নমানের কাঠের ব্যবহার/ জলছাদের নেট সিমেন্ট কোটিং উঠে যাওয়া/অভ্যন্তরীণ সড়কের খোয়া বের হয়ে যাওয়া ইত্যাদি।

১৬.৫ পরিদর্শিত ০৮টি সাইটের মধ্যে কাপ্তাই সার্কেল, রাঙামাটির এএসপি 'র অফিস কাম বাসভবন ব্যতিত অন্য কোন সাইটের অফিস কাম বাসভবন পুলিশ বিভাগের নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়নি।

১৬.৬ পরিদর্শিত সাইটসমূহে পুলিশের জনবলের (ইন্সপেক্টর/সাব-ইন্সপেক্টর/এএসআই/কনস্টেবল/স্টেনোগ্রাফার) ঘাটতি রয়েছে।

১৬.৭ প্রকল্পের কোন ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট (মহা হিসাব নিরীক্ষকের দপ্তর কর্তৃক) সম্পাদন করা হয়নি।

১৭.০ <u>আইএমইডি এর মতামত:</u>

১৭.১ ২০১৮ সালের জুনে প্রকল্প শেষ হলেও ০৩টি সাইটে অর্থাৎ রামগড় (খাগড়াছড়ি), গফরগাঁও (ময়মনসিংহ) ও মোড়লগঞ্জ (বাগেরহাট) সাইটে কাজ শেষ হয়নি। জননিরাপত্তা বিভাগ/পুলিশ কর্তৃক বিষয়টি খতিয়ে দেখা প্রয়োজন;

১৭.২ নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হওয়া সংশ্লিষ্ট সকল ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে চুক্তির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৭.৩ প্রকল্পের আওতায় নির্মিত পুলিশের সকল সার্কেল কাম বাসভবনের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। ভবনসমূহের নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য রাজস্ব বাজেটে আর্থিক সংস্থান রাখতে হবে;

১৭.৪ গফরগাঁও (ময়মনসিংহ)ও সৈয়দপুর (নীলফামারী) সার্কেলে নির্মিত ভবনে নিম্নমানের স্যানিটারী ফিটিংস ব্যবহার /নিম্নমানের কাঠের ব্যবহার/ জলছাদের নেট সিমেন্ট কোটিং উঠে যাওয়া/অভ্যন্তরীণ সড়কের খোয়া বের হয়ে যাওয়া বিষয়গুলো পরীক্ষ-নিরীক্ষা করে Corrective Measure গ্রহণ করতে হবে;

১৭.৫ প্রকল্পের আওতায় নির্মিত সকল সার্কেল অফিস কাম বাসভবন পুলিশ বিভাগের নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তরের জন্য গণপূর্ত অধিদপ্তর সত্বর ব্যবস্থা গ্রহণ করবে;

১৭.৬ দ্রুত ও উন্নত সেবা নিশ্চিত করার জন্য প্রকল্পের আওতায় নির্মিত সকল সার্কেল অফিসে প্রয়োজনীয় জনবলের (ইন্সপেক্টর/সাব-ইন্সপেক্টর/এএসআই/ কনস্টেবল/স্টেনোগ্রাফার) নিয়োগ প্রদান করতে হবে: এবং

১৭.৭ প্রকল্পের সকল অর্থ বছরের ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট (মহা হিসাব নিরীক্ষকের দপ্তর কর্তৃক) সম্পাদন করতে হবে। অডিট প্রতিবেদনে কোন আপত্তি থাকলে তা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আইএমইডি এর বর্ণিত মতামতের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডি কে অবহিত করতে হবে।

বর্ডার গার্ড বাংলাদেশ এর বিভিন্ন ব্যাটালিয়নে ১০টি ম্যাগাজিন বিল্ডিং এবং ০৭টি কোয়ার্টার গার্ড নির্মাণ/পুন: নির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত জুন,২০১৮)

০১. প্রকল্পের নাম বর্ডার গার্ড বাংলাদেশ এর বিভিন্ন ব্যাটালিয়নে ১০টি ম্যাগাজিন বিল্ডিং এবং ০৭টি কোয়ার্টার গার্ড নির্মাণ/পুন: নির্মাণ।

০২. উদ্যোগী বিভাগ/মন্ত্রণালয় জননিরাপত্তা বিভাগ, স্বরাস্ট্র মন্ত্রণালয়।

০৩. বাস্তবায়নকারী সংস্থা বর্ডার গার্ড বাংলাদেশ।

০৪. প্রকল্পের ধরণ বিনিয়োগ প্রকল্প।

০৫. প্রকল্পের অর্থায়ন বাংলাদেশ সরকার।

০৬. প্রকল্পের অনুমোদিত ব্যয় ও বাস্তবায়নকাল :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়	প্রকৃত ব্যয়	বাস্তবায়নকাল	প্রকৃত বাস্তবায়নকাল
১৯৫৪.৮১	১৮৮৯.২৪	০১ জুলাই ২০১৬-৩০ জুন ২০১৮	০১ জুলাই ২০১৬-৩০ জুন ২০১৮

০৭. প্রকল্প এলাকা:

ক্রমিক	লোকেশন	বিভাগ	জেলা	উপজেলা
ম্যাগাজিন ভবন				
০১.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রাজনগর	চট্টগ্রাম	রাঙামাটি	মাইনিমুখ
০২.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন, কুমিল্লা	চট্টগ্রাম	কুমিল্লা	সদর
০৩.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন,জামিনীপাড়া	চট্টগ্রাম	খাগড়াছড়ি	মাটিরাঙ্গা
০৪.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন, খুলনা	খুলনা	খুলনা	সদর
০৫.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রাজশাহী	রাজশাহী	রাজশাহী	বোয়ালিয়া
০৬.	সেক্টর হেড কোয়ার্টার, কুষ্টিয়া	খুলনা	কুষ্টিয়া	মিরপুর
০৭.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রংপুর	রংপুর	রংপুর	রংপুর
০৮.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন,মারিশ্যা	চট্টগ্রাম	খাগড়াছড়ি	মারিশ্যা
০৯.	রিজিয়ন হেড কোয়ার্টার, যশোর	যশোর	যশোর	যশোর
১০.	সেক্টর হেড কোয়ার্টার,খাগড়াছড়ি	চট্টগ্রাম	খাগড়াছড়ি	খাগড়াছড়ি
কোয়ার্টার গার্ড ভবন				
০১.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রাজনগর	চট্টগ্রাম	রাঙামাটি	মাইনিমুখ
০২.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ফেনী	চট্টগ্রাম	ফেনী	সদর
০৩.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন,পানছড়ি	চট্টগ্রাম	খাগড়াছড়ি	সদর

ক্রমিক	লোকেশন	বিভাগ	জেলা	উপজেলা
০৪.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন,জামিনীপাড়া	চট্টগ্রাম	খাগড়াছড়ি	সদর
০৫.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন,বলিপাড়া	চট্টগ্রাম	বান্দরবন	থানচি
০৬.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন,শ্রীমঙ্গল	সিলেট	মৌলভীবাজার	শ্রীমঙ্গল
০৭.	বর্ডার গার্ড ব্যাটালিয়ন,চুয়াডাঙ্গা	খুলনা	চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা

০৮. <u>প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:</u>

প্যারামিলিটারি ফোর্স হিসেবে বিজিবি'র প্রধান দায়িত্ব হলো দেশের ৪,৪২৭ কি:মি: সীমান্ত এলাকায় নিরাপত্তা প্রদান করা। বাংলাদেশের সীমান্ত এলাকায় সীমান্ত নিরাপত্তার পাশাপাশি মানব পাচার, মাদক ও অন্যান্য চোরাচালান প্রতিরোধে বিজিবি সার্বক্ষণিকভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় ১৭৯৯ সালে বিজিবি হেডকোয়ার্টার পিলখানা প্রতিষ্ঠিত হয়। বিজিবি'র প্রতিষ্ঠার পর হতে সংস্থাটিতে বিভিন্ন মৌলিক পরিবর্তন সংঘটিত হয়েছে। তন্মধ্যে সংস্থার নাম পরিবর্তন, পোষাক পরিবর্তন ও নিয়োগ বিধিমালা পরিবর্তন করা হয়েছে। কিন্তু বিজিবি'র ৬১টি ব্যাটালিয়নের ৬৭০০০ বিজিবি সদস্যদের অস্ত্র ও গোলাবারুদ সংরক্ষণের জন্য পর্যাপ্ত স্থান নেই। বেশীর ভাহ সময়ে অস্ত্র ও গোলাবারুদ রাখার জন্য ব্যাটেলিয়ন হেড কোয়ার্টারে রাখা হলেও সেখানে নিরাপত্তার অভাব পরিলক্ষিত হচ্ছে। এছাড়া, দূরবর্তী ও সীমান্তবর্তী স্থানে গোলাবারুদ পরিবহনে অধিক সময় অতিবাহিত হচ্ছে। এ কারণে অস্ত্র ও গোলাবারুদ নিরাপদে সংরক্ষণের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

০৯. <u>প্রকল্পের উদ্দেশ্য:</u>

- সীমান্ত এলাকায় নিয়োজিত বিজিবি সদস্যদের অস্ত্র ও গোলাবারুদের নিরাপত্তা নিশ্চিত করা;
- বিজিবি সদস্যদের অস্ত্র ও গোলাবারুদ দ্রুত ও নিরাপদে এক স্থান হতে অন্য স্থানে পরিবহন করা;
- সীমান্ত এলাকায় পার্শবর্তী দেশের সাথে তাল মিলিয়ে বিজিবি'র যুগোপযোগী ও আধুনিক লজিস্টিকস সুযোগ-সুবিধা বৃদ্ধি করা; এবং
- সীমান্ত এলাকায় চোরাচালান, নারী ও শিশু পাচার প্রতিহত করা।

১০. <u>প্রকল্পের মূল কার্যক্রম:</u>

- বিজিবি'র বিভিন্ন লোকেশনে গোলাবারুদ রাখার ১০টি ম্যাগাজিন ভবন নির্মাণ;
- বিজিবি'র বিভিন্ন লোকেশনে ৭টি অস্ত্রাগার (কোয়ার্টার গার্ড) ভবন নির্মাণ।

১১ . <u>প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি:</u> (পিসিআর মোতাবেক)

ক্রমিক	কাজের নাম	ডিপিপিতে লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
০১.	স্টেশনারী	থোক	৪.০০	থোক	৪.০০
০২	আপ্যায়ন	থোক	৩.০০	থোক	৩.০০
০৩.	পরামর্শক সেবা (সুপারভিশন, স্থাপত্য নকশা, ডিজাইন ও মাটি পরীক্ষা)	থোক	৬০.০০	থোক	৬০.০০
০৪.	সম্মানী	থোক	৫.০০	থোক	৫.০০
০৫.	Advertisement &		১.০০		১.০০

	Circulation				
	উপমোট (রাজস্ব)		**৭৩.০০**		**৭৩.০০**
০৬.	অফিস ইকুইপমেন্ট		৫.০০		৫.০০
০৭	নির্মাণ/পুন:নির্মাণ ম্যাগাজিন ভবন কোয়ার্টার গার্ড ভবন	 ১০টি ০৭টি	 ১৮১৯.৮৯	 ১০টি ০৭টি	 ১৮১১.২৪
০৮.	প্রাইস কন্টিনজেন্সী		৩৭.৯৬	-	-
০৯.	ফিজিক্যাল কন্টিনজেন্সী		১৮.৯৮	-	-
	উপমোট (মূলধন)		১৮৮১.৮২		১৮১৬.২৪
	সর্বমোট		১৯৫৪.৮২		১৮৮৯.২৪

১২. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

প্রকল্প পরিচালকের নাম	দায়িত্বের প্রকৃতি	মেয়াদকাল
কর্নেল মো: তানভীর আলম খান	খন্ডকালীন	২৯ নভেম্বর ২০১৬- ১৬ আগষ্ট ২০১৮
কর্নেল আহমেদ জামিউল ইসলাম	খন্ডকালীন	০৪ সেপ্টেম্বর ২০১৮- প্রকল্পের সমাপ্তি পর্যন্ত

১৩. প্রকল্পের প্রকিউরমেন্ট ও বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি:

(লক্ষ টাকায়)

কার্যের নাম	ডিপিপিতে আর্থিক সংস্থান	দরপত্র প্রক্রিয়া				প্রকৃত পক্ষে কার্য সম্পন্নের তারিখ	ব্যয়	হস্তান্তরে তারিখ
		দরপত্র আহবানের তারিখ ও দরপত্র পদ্ধতি	চুক্তি/ কার্যাদেশ প্রদানের তারিখ	চুক্তি মূল্য	কার্য সম্পন্নের তারিখ			
ম্যাগাজিন ভবন								
বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রাজনগর এ ম্যাগাজিন ভবন নির্মাণ	৮৯.৩৩	১-২-১৭ ওটিএম	১৪-২-১৭	৮৮.৯০	১৯-২-১৮	১৩-৪-১৮	৮৮.৯০	০৭-০৫-১৮
বর্ডার গার্ড ব্যাটালিয়ন, কুমিল্লায় ম্যাগাজিন ভবন নির্মাণ	৮১.২১	১-২-১৭ ওটিএম	১৪-২-১৭	৭৯.৯০৫৬৯	১৯-২-১৮	২২-১১-১৭	৭৯.৯০	১০-১২-১৭
বর্ডার গার্ড ব্যাটালিয়ন,জামিনীপাড়ায় ম্যাগাজিন ভবন নির্মাণ	৮৯.৩৩	১-২-১৭ ওটিএম	১৪-২-১৭	৮৭.৯৯	১৯-২-১৮	২০-৪-১৮	৮৭.৯৯	০৩-০৫-১৮
বর্ডার গার্ড ব্যাটালিয়ন, খুলনায় ম্যাগাজিন ভবন নির্মাণ	৮১.২১	১-২-১৭ ওটিএম	১৪-২-১৭	৮০.৩৫৪২১	১৯-২-১৮	২৩-৪-১৮	৮০.৩৫	০৪-০৫-১৮

কার্যের নাম	ডিপিপিতে আর্থিক সংস্থান	দরপত্র প্রক্রিয়া				প্রকৃত পক্ষে কার্য সম্পন্নের তারিখ	ব্যয়	হস্তান্তরে তারিখ
		দরপত্র আহবানের তারিখ ও দরপত্র পদ্ধতি	চুক্তি/ কার্যাদেশ প্রদানের তারিখ	চুক্তি মূল্য	কার্য সম্পন্নের তারিখ			
বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রাজশাহীতে ম্যাগাজিন ভবন নির্মাণ	৮১.২১	১-২-১৭ ওটিএম	১৪-২-১৭	৮১.০৭৮৯৮	১৯-২-১৮	১২-৪-১৮	৮১.০৭	০৫-০৫-১৮
সেক্টর হেড কোয়ার্টার, কুষ্টিয়ায় ম্যাগাজিন ভবন নির্মাণ	৮১.২১	১-২-১৭ ওটিএম	১৪-২-১৭	৮০.৮৪৫৮৮	১৯-২-১৮	১৯-৪-১৮	৮০.৮৪	০৭-০৫-১৮
বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রংপুরে ম্যাগাজিন ভবন নির্মাণ	৮১.২১	১-২-১৭ ওটিএম	১৪-২-১৭	৮১.০৩৮০৪	১৯-২-১৮	২৮-১-১৮	৮১.০৩	১৩-২-১৮
বর্ডার গার্ড ব্যাটালিয়ন, মারিশ্যায় ম্যাগাজিন ভবন নির্মাণ	৮৯.৩৩	১-২-১৭ ওটিএম	১৪-২-১৭	৮৯.২৯৪১৭	১৯-২-১৮	২২-১-১৮	৮৯.২৯	০১-২-১৮
রিজিয়ন হেড কোয়ার্টার, যশোরে ম্যাগাজিন ভবন নির্মাণ	৮১.২১	১-২-১৭ ওটিএম	১৪-২-১৭	৮০.৯৯৭৫৮	১৯-২-১৮	১৩-১-১৮	৮০.৯৯	০১-০২-১৮
সেক্টর হেড কোয়ার্টার,খাগড়াছড়িতে ম্যাগাজিন ভবন নির্মাণ	৮৯.৩৩	১-২-১৭ ওটিএম	১৪-২-১৭	৮৮.৯৯৫৯২	১৯-২-১৮	১৯-৪-১৮	৮৮.৯৯	০৭-৫-১৮

(লক্ষ টাকায়)

কার্যের নাম	ডিপিপিতে মূল্য	দরপত্র প্রক্রিয়া				প্রকৃত পক্ষে কার্য সম্পন্নের তারিখ	ব্যয়	হস্তান্তরে তারিখ
		দরপত্র আহবানের তারিখ	চুক্তি/ কার্যাদেশ প্রদানের তারিখ	চুক্তি মূল্য	কার্য সম্পন্নের তারিখ			
কোয়ার্টার গার্ড ভবন								
বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রাজনগর এ কোয়ার্টার গার্ড ভবন নির্মাণ	১৪৩.০৫	১-২-১৭	১৪-২-১৭	১৪২.৭৮৯৯	১৪-০২-১৭ ১৯-২-১৮	১৩-৪-১৮	১৪২.৭৮	০৭-০৫-১৮

কার্যের নাম	ডিপিপিতে মূল্য	দরপত্র প্রক্রিয়া				প্রকৃত পক্ষে কার্য সম্পন্নের তারিখ	ব্যয়	হস্তান্তরে তারিখ
		দরপত্র আহবানের তারিখ	চুক্তি/ কার্যাদেশ প্রদানের তারিখ	চুক্তি মূল্য	কার্য সম্পন্নের তারিখ			
কোয়ার্টার গার্ড ভবন								
বর্ডার গার্ড ব্যাটালিয়ন, ফেনীতে কোয়ার্টার ভবন নির্মাণ	১৪৩.০৫	১-২-১৭	১৪-২-১৭	১২৯.৮০	১৪-০২-১৭ ১৯-২-১৮	২২-১১-১৭	১২৯.৮০	০৭-০৫-১৮
বর্ডার গার্ড ব্যাটালিয়ন, পানছড়িতে কোয়ার্টার ভবন নির্মাণ	১৪৩.০৫	১-২-১৭	১৪-২-১৭	১৪২.৪৫	১৪-০২-১৭ ১৯-২-১৮	২০-৪-১৮	১৪২.৪৫	০২-২-১৮
বর্ডার গার্ড ব্যাটালিয়ন,জামিনীপাড়ায় কোয়ার্টার ভবন নির্মাণ	১৪৩.০৫	১-২-১৭	১৪-২-১৭	১৪২.৭৭	১৪-০২-১৭ ১৯-২-১৮	২৩-৪-১৮	১৪২.৭৭	০৪-০২-১৮
বর্ডার গার্ড ব্যাটালিয়ন,বলিপাড়ায় কোয়ার্টার ভবন নির্মাণ	১৪৩.০৫	১-২-১৭	১৪-২-১৭	১৪২.৬১	১৪-০২-১৭ ১৯-২-১৮	১২-৪-১৮	১৪২.৬১	০৭-০৫-১৮
বর্ডার গার্ড ব্যাটালিয়ন,শ্রীমঙ্গলে কোয়ার্টার গার্ড ভবন নির্মাণ	১৪৩.০৫	১-২-১৭	১৪-২-১৭	১৪১.৫৬	১৪-০২-১৭ ১৯-২-১৮	১৯-৪-১৮	১৪১.৫৬	০৭-০৫-১৮
বর্ডার গার্ড ব্যাটালিয়ন, চুয়াডাংগাতে কোয়ার্টার গার্ড ভবন নির্মাণ	১৩০.০৪	১-২-১৭	১৪-২-১৭	১২৯.৮৩	১৪-০২-১৭ ১৯-২-১৮	২৮-০১-২০১৮	১২৯.৮৩	০৭-০৫-১৮

তথ্য সূত্র: প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা

১৪. প্রকল্প পরিদর্শন:

গত ১১ মে ২০১৯ তারিখে আইএমই বিভাগ কর্তৃক রিজিয়ন হেড কোয়ার্টার, যশোর এবং বর্ডার গার্ড ব্যাটালিয়ন, খুলনায় নির্মিত ম্যাগাজিন ভবন পরিদর্শন করা হয়। ১৯ জুন তারিখে বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জামিনীপাড়ায় নির্মিত ম্যাগাজিন ভবন ও কোয়ার্টার গার্ড ভবন; বর্ডার গার্ড ব্যাটালিয়ন, পানছড়িতে কোয়ার্টার ভবন এবং সেক্টর হেড কোয়ার্টার, খাগড়াছড়িতে ম্যাগাজিন ভবন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট বিজিবি ব্যাটিলিয়নের কমান্ডিং অফিসার/বিজিবি'র কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

রিজিয়ন হেড কোয়ার্টার, যশোরে ম্যাগাজিন ভবনের কাজ ১৩ জানুয়ারি ২০১৮ তারিখে সমাপ্ত হয়েছে এবং ০১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে বিজিবি'র নিকট হস্তান্তর করা হয়েছে। বর্তমানে ম্যগাজিন ভবনটি ব্যবহার করা হচ্ছে। ভবনটির নির্মাণ ডিজাইন অনুসারে করা হয়েছে। গোলাবারুদ সংরক্ষণের জন্য ০৫টি কক্ষ নির্মাণ করা হয়েছে। এছাড়া আদার্ন ড্যাম, কাঁটা তারের বেড়াসহ সীমানা প্রাচীর, সারফেস ড্রেন, এপ্রোচ রোড , এপ্রোন, Earthing and Lighting Arrester স্থাপন এবং আদার্ন ড্যামে টার্ফিং করা হয়েছে।

বর্ডার গার্ড ব্যাটালিয়ন, খুলনায় ম্যাগাজিন ভবনের নির্মাণ ২৩ এপ্রিল ২০১৮ তারিখে সমাপ্ত হয়েছে এবং ০৪ মে ২০১৮ তারিখে বিজিবি'র নিকট হস্তান্তর করা হয়েছে। ম্যাগাজিন ভবনটি ব্যবহার করা হচ্ছে। ডিজইন অনুসারে নির্মাণ করা হয়েছে। ডিজাইন অনুসারে গোলাবারুদের কক্ষ, আদার্ন ড্যাম, কাঁটা তারের বেড়াসহ সীমানা প্রাচীর, সারফেস ড্রেন, এপ্রোচ রোড, এপ্রোন নির্মাণ করা হয়েছে এবং আদার্ন ড্যামে টার্ফিং করা হয়েছে।

বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জামিনীপাড়ায় ম্যাগাজিন ভবন ডিজাইন অনুসারে নির্মাণ করা হয়েছে। ২০ এপ্রিল ২০১৮ তারিখে নির্মাণ কাজ সমাপ্ত হয়। ০৩ মে ২০১৮ তারিখে বিজিবি'র নিকট হস্তান্তর করা হয়েছে। তবে অদ্যাবধি ম্যাগাজিন ভবনের ব্যবহার শুরু হয়নি।

বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জামিনীপাড়ায় কোয়ার্টার ভবন নির্মাণ কাজ ২৩ এপ্রিল ২০১৮ তারিখে সমাপ্ত হয়েছে। ০৪ ফেব্রুযারি ২০১৮ তারিখে বিজিবি'র নিকট হস্তান্তর করা হয়েছে। কোয়ার্টার ভবনটি ব্যবহার করা হচ্ছে। কোয়ার্টার গার্ড ভবনে ০৩টি অস্ত্রাগার, ০৩টি কয়েদী সেল, ২টি স্টোর রুম, ০১টি গার্ড রুম (০৮ জনের বাসস্থান) ও ০১টি অফিস রয়েছে।

সেক্টর হেড কোয়ার্টার, খাগড়াছড়িতে ম্যাগাজিন ভবনের নির্মাণ কাজ ১৯ এপ্রিল ২০১৮ তারিখে সম্পন্ন হয়েছে। ০৭ মে ২০১৮ তারিখে বিজিবি'র নিকট হস্তান্তর করা হয়েছে। ম্যাগাজিন ভবনের ব্যবহার শুরু হয়নি।

১৫. প্রকল্প পরিদর্শনকালে গৃহীত ছবি





বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জামিনীপাড়া (মাটিরাঙ্গা, খাগড়াছড়ি) তে নির্মিত ম্যাগাজীন ভবন





বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জামিনীপাড়া (মাটিরাঙ্গা, খাগড়াছড়ি) তে নির্মিত কোয়ার্টার গার্ড ভবন





বর্ডার গার্ড ব্যাটালিয়ন, পানছড়ি (মাটিরাঙ্গা, খাগড়াছড়ি) তে নির্মিত কোয়ার্টার গার্ড ভবন



বর্ডার গার্ড ব্যাটালিয়ন, খুলনায় নির্মিত ম্যাগাজিন ভবন



সেক্টর হেড কোয়ার্টার, খাগড়াছড়িতে নির্মিত ম্যাগাজিন ভবন

১৬. <u>আইএমইডি এর পর্যবেক্ষণ:</u>

১৬.১ আলোচ্য প্রকল্প মূল অনুমোদিত মেয়াদে এবং ব্যয়ে সম্পন্ন হয়েছে। প্রকল্পের সার্বিক আর্থিক অর্জন হয়েছে ৯৬.৬৪%। প্রকল্পের আওতায় নির্ধারিত সকল ম্যাগাজিন ভবন ও কোয়ার্টার গার্ড ভবন নির্মিত হয়েছে। সকল ভবন বিজিবি'র নিকট হস্তান্তর করা হয়েছে। আলোচ্য প্রকল্পের বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায়/সীমান্ত এলাকায় বিজিবি'র অস্ত্র ও গোলাবারুদের সংরক্ষণে নিরাপত্তা নিশ্চিত হবে; বিজিবি সদস্যদের অস্ত্র ও গোলাবারুদ দ্রুত ও নিরাপদে এক স্থান হতে

অন্য স্থানে পরিবহন করা সহজতর হবে এবং সার্বিকভাবে সীমান্ত এলাকায় চোরাচালান, নারী ও শিশু পাচার প্রতিহত করার ক্ষেত্রে ভূমিকা রাখবে মর্মে আশা করা যায়।

১৬.২ পরিদর্শিত সাইটগুলোতে ম্যাগাজিন ভবন/কোয়ার্টার গার্ড ভবনের কিছু ত্রুটি পরিলক্ষিত হয়েছে। তন্মধ্যে রিজিয়ন হেড কোয়ার্টার, যশোরে ম্যাগাজিন ভবনের উত্তর দিকের ১ নং ম্যাগাজিন কক্ষে দেয়ালে চিড়/ফাটল দেখা যায়। বর্ডার গার্ড ব্যাটালিয়ন, খুলনায় ম্যাগাজিন ভবনের ০৪টি ম্যাগাজিন কক্ষের মেঝেতে ফাটল সৃষ্টি হয়েছে। ভবনে ০৮টি বজ্র নিরোধক দন্ড (Earthing and Lighting Arristaeor) স্থাপনের জন্য নির্ধারিত থাকলেও ০৪টি স্থাপন করা হয়েছে। আদার্ন ড্যামে টার্ফিং যথাযথভাবে হয় নি। ড্যামের মাটি বৃষ্টির পানিতে ধুয়ে যাচ্ছে। ম্যাগাজিন ভবন এপ্রোন থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জামিনীপাড়ায় কোয়ার্টার গার্ড ভবনে দেয়াল ও বীমে চিড় লক্ষ্য করা গেছে। বর্ডার গার্ড ব্যাটালিয়ন, পানছড়িতে গার্ড রুমের মেঝে ডেবে গেছে এবং এপ্রোনে ফাটল সৃষ্টি হয়েছে।

১৬.৩ পরিদর্শিত সাইটগুলোতে পূর্ত কাজের সাইট অর্ডার বুক এবং পূর্ত কাজের/ পূর্ত কাজের নির্মাণ সামগ্রীর ল্যাবরেটরী টেস্টের রিপোর্ট পাওয়া যায়নি। সুতরাং, কাজের গুণগতমান সম্পর্কে নিশ্চিত হওয়া যায় না। তবে অনুচ্ছেদ ১৬.২ এ বর্ণিত ত্রুটিসমূহ ছাড়া আপাতদৃষ্টিতে নির্মিত ভবন ভালো মনে হয়েছে।

১৬.৪ পরিদর্শিত সাইটগুলোর মধ্যে বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জামিনীপাড়া এবং সেক্টর হেড কোয়ার্টার, খাগড়াছড়িতে নির্মিত ম্যাগাজিন ভবন দু 'টি ২০১৮ সালের মে মাসে বিজিবি 'র নিকট হস্তান্তর করা হলেও উক্ত ম্যাগাজিন ভবনসমূহের ব্যবহার শুরু হয়নি।

১৬.৫ প্রকল্পের কোন ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট (মহা হিসাব নিরীক্ষকের দপ্তর কর্তৃক) সম্পাদন করা হয়নি মর্মে পিসিআর সূত্রে জানা যায়।

১৭.০ <u>আইএমইডি এর মতামত:</u>

১৭.১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জামিনীপাড়া এবং সেক্টর হেড কোয়ার্টার, খাগড়াছড়িতে নির্মিত ম্যাগাজিন ভবন দু 'টি ২০১৮ সালের মে মাসে বিজিবি'র নিকট হস্তান্তর করা হয়েছে। অদ্যাবধি ভবন ব্যবহার শুরু না হওয়ার বিষয়টি জননিরাপত্তা বিভাগ/বিজিবি কর্তৃক খতিয়ে দেখা প্রয়োজন। একইসাথে প্রকল্পের আওতায় নির্মিত সকল ম্যাগাজিন ভবন ও কোয়ার্টার গার্ড ভবনের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে;

১৭.২ নির্মিত ম্যাগাজিন ভবন ও কোয়ার্টার গার্ড ভবনের রক্ষণাবেক্ষণের জন্য রাজস্ব বাজেটে পর্যাপ্ত আর্থিক সংস্থান নিশ্চিত করতে হবে;

১৭.৩ যশোর, খুলনা, জামিনীপাড়া, পানছড়ি ও খাগড়াছড়ি সদরে বিজিবি রিজিয়ন হেড কোয়ার্টার/ সেক্টর হেড কোয়ার্টার/ বর্ডার গার্ড ব্যাটালিয়নে নব নির্মিত ম্যাগাজিন ভবন/কোয়ার্টার গার্ড ভবনে যে সকল ত্রুটি রয়েছে সেগুলোর প্রকৌশলগত দিক পরীক্ষা -নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ ১৬.২);

১৭.৪ প্রকল্পের সকল অর্থ-বছরের ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট (মহা হিসাব নিরীক্ষকের দপ্তর কর্তৃক) সম্পাদন করতে হবে। অডিট প্রতিবেদনে কোন আপত্তি থাকলে তা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে:

আইএমইডি এর বর্ণিত মতামতের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডি কে অবহিত করতে হবে।

ঢাকায় স্পেশাল ব্রাঞ্চ ট্রেনিং স্কুল নির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন:

(সমাপ্ত:জুন ২০১৮)

১। প্রকল্পের নাম : ঢাকায় স্পেশাল ব্রাঞ্চ ট্রেনিং স্কুল নির্মাণ।

২। প্রকল্পের অবস্থান : উত্তরা, ঢাকা।

৩। বাস্তবায়নকারী সংস্থা : গণপূর্ত অধিদপ্তরের সহায়তায় পুলিশ অধিদপ্তর।

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ।

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	হ্রাসকৃত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
২২৫৮.৬১	১৮২৮.৪০	১৭৭৬.৬৪	জুলাই, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৭ (৩০ মাস)	জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৮ (৩৬ মাস)	জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৮ (৩৬ মাস)	(-) ৪৩০.২১ (১৯%)	০৬ মাস (২০%)

৬। **প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন : প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে**

ক্রমিক নং	বিভিন্ন অংগের নাম	পরিকল্পিত লক্ষ্যমাত্রা সংশোধিত ডিপিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১.	ডিপিপি প্রিন্টিং ও বাইন্ডিং এবং স্থাপত্য নকশা ও ড্রয়িং প্রিন্টিং	৪.০০	থোক	৪.০০ (১০০%)	১০০%
২.	স্টেশনারি	৪.০০	থোক	৩.৯৯৯(৯৯.৭৫)%	৯৯.৭৫%
৩.	বিজ্ঞাপন	২.৮৯	৫টি জব	২.৮৮ (১০০%)	৫টি ১০০%
৪.	সম্মানী	২.৬৭	থোক	৩.০১ (১১২%)	১১২%
৫.	মাটি পরীক্ষা	১.৯৬	থোক	১.৯৬ (১০০%)	১০০%
৬.	যানবাহন ভাড়া	১৬.৪৪	১টি	১৬.২৮ (৯৯%)	১টি ৯৯%
৭.	স্পেশাল ব্রাঞ্চ ট্রেনিং স্কুল নির্মাণ	১৪১২.৫৬	৫২৬৭.৫৭ বর্গমিটার	১৩৮৫.২৫ (৯৮%)	৪৬৫৪.৪০ বর্গমিটার ৮৮%
৮.	এক্সটার্নাল ওয়াটার সাপ্লাই	২২.০৮	২০০০০ গ্যালন	২১.৬০ (৯৯)%	১০০%
৯.	অভ্যন্তরীণ রাস্তা	৭.৮০	২৭০ বর্গমিটার	৭.৮২ ১০০%	৫৬৮ বর্গমিটার ২১০%
১০.	সারফেস ড্রেন	২.৫০	১০০আর এম	১০০%	৭৯.৫০ আর এম ৭৯%
১১.	সীমানা প্রাচীর	৩১.০২	১৫০ আর এম	২৭.৯১ (৯৮.৭৭%)	৭২ আর এম ৪৮%

ক্রমিক নং	বিভিন্ন অংগের নাম	পরিকল্পিত লক্ষ্যমাত্রা সংশোধিত ডিপিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১২.	বহি: বিদ্যুতায়ন	১৪৪.০২	থোক	১২৩.৬৩ (৯৯%)	১০০%
১৩.	এক্সট্রা কস্ট ফর শ্যুটিং রেঞ্জ	১২.৭৩	-	৯৯%	১০০%
১৪.	আরবরিকালচার	১.০০	থোক	০.৯৯৮(৯৯%)	১০০%
১৫.	ইক্যুইপমেন্ট,কম্পিউটার ও অন্যান্য	১৩১.৮৮	৭৩ টি	১৩১.৮৮ (১০০%)	৭৩ (১০০%)
১৬.	আসবাবপত্র	৩০.৮৪	৫০৬ টি	৩০.৮৪ (১০০%)	৫০৬ টি ১০০%
	সর্বমোট	১৮২৮.৪০		১৭৭৬.৬৪ (৯৫.৪৮%)	১০০%

৭.০ সাধারণ পর্যবেক্ষণ:

৭.১ পটভূমি: পুলিশ বিভাগে কর্মরত বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তা/কর্মচারিদের ইন্টিলিজেন্সসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ের ওপর বিশেষ প্রশিক্ষণ প্রদানের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক গত ১১/০৭/১৯৯২ তারিখে প্রশাসনিক মন্জুরী জ্ঞাপনের পরিপ্রেক্ষিতে গত ২০/০৯/১৯৯২ তারিখে স্পেশাল ব্রাঞ্চ ট্রেনিং স্কুল প্রতিষ্ঠিত হয়। স্কুলটি প্রতিষ্ঠার পর হতে ভাড়া বাড়িতে এর কার্যক্রম পরিচালিত হয়। স্পেশাল ব্রাঞ্চ ট্রেনিং স্কুলে বর্তমানে কমান্ড্যান্ট ০১ জন, সিনিঃ এএসপি ০৪জন, ইন্সপেক্টর ১২ জন, সাব-ইন্সপেক্টর ০৪ জন, কনস্টবল ২৮ জন, কম্পিঃ প্রোগ্রামার ০১ জন, সিনিঃ কম্পিউটার অপারেটর ০১ জন, কম্পিউটার অপারেটর ০১ জন, প্রধান সহকারী ০১ জন, হিসাব রক্ষক কাম-ক্যাশিয়ার ০১ জন, লাইব্রেরি সহকারী ০১ জন, স্টেনোগ্রাফার ০১ জন, উচ্চমান সহকারী ০১ জন, হিসাব রক্ষক-কাম ক্যাশিয়ার ০১ জন, অফিস সহকারী ০২ জন, দপ্তরী ০১ জন , কুক ০১ জন ও সুইপার ০২ জন মোট ৬৬ জন কর্মকর্তা ও কর্মচারির মঞ্জুরী আছে। এছাড়া বর্তমান জনবলের অতিরিক্ত ০১ জন এএসআই ও ০৩ জন কনস্টেবল বৃদ্ধি করার জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অদূর ভবিষ্যতে পুলিশ সদস্যদের যুগোপযোগী, আধুনিক, তথ্য প্রযুক্তিগত ও সময়োপযোগী প্রশিক্ষণ কর্মসূচি সম্প্রসারনের ক্ষেত্রে ট্রেনিং স্কুলের জন্য বিভিন্ন পদবীর জনবল যথাক্রমে এসএসপি, অতিঃএসপি, এএসপি, পুলিশ পরিদর্শক, এসআই, এএসআই ও দাপ্তরিক কর্মচারিসহ পর্যায়ক্রমে আরো বৃদ্ধি পেতে পারে। স্পেশাল ব্রাঞ্চ ট্রেনিং স্কুলে ২০১১ সালে বিভিন্ন ধরণের কোর্সে মোট ১৮৩৩ জনের অধিক প্রশিক্ষনার্থীদের প্রশিক্ষণ দেয়া হয়। প্রতি ব্যাচের ন্যূনতম ৫% পুলিশ সদস্যকে ইন্টিলিজেন্স বিষয়ের প্রশিক্ষণের আওতায় আনয়নের ক্ষেত্রে বছরে ন্যুনতম ৬,৪৫০ জন পুলিশ সদস্যকে ইন্টিলিজেন্স বিষয়ে প্রশিক্ষণ দেয়ার প্রয়োজন হবে।

স্পেশাল ব্রাঞ্চ ট্রেনিং স্কুল প্রতিষ্ঠার পর থেকে এর সকল কার্যক্রমের ফলে ট্রেনিং স্কুল কোর্সের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। নিজস্ব জায়গা থাকা সত্বেও একাডেমিক ভবন না থাকায় এর লক্ষ্য অর্জনে বিভিন্নভাবে বাধাগ্রস্ত হচ্ছে। বর্তামানে স্কুলটি ডিএমপির অস্ত্রাগার ভবনে ৩য় ও ৪র্থ তলায় খুবই স্বল্প পরিসরে ও প্রতিকূল পরিবেশে পরিচালতি হচ্ছে যা একটি ট্রেনিং স্কুলের জন্য মোটেই উপযোগী নয়। এমতাবস্থায়, ঢাকার উত্তরাস্থ স্কুলের নিজস্ব জায়গায় একটি মানসম্মত ট্রেনিং স্কুল ভবন নির্মাণ করা খুবই জরুরি । এ লক্ষ্যে ট্রেনিং সেন্টারসহ আনুষঙ্গিক সুবিধা নিয়ে স্পেশাল ব্রাঞ্চ স্কুল নির্মাণের জন্য প্রকল্পটি মোট ২২৫৮.৬০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্প ব্যয় হ্রাস করে ১৮২৮.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৮ মেয়াদে প্রকল্প সংশোধন করা হয়।

৭.২ প্রকল্পের উদ্দেশ্য:

স্পেশাল ব্রাঞ্চসহ বাংলাদেশ পুলিশের বিভিন্ন ইউনিটের অফিসার ও ফোর্সদের পেশাগত প্রশিক্ষণ ও গোয়েন্দা প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণার্থীদের আবাসিক সুবিধা প্রদান।

৭.৩ প্রকল্পটির প্রধান প্রধান কার্যক্রম: প্রকল্পের আওতায় উত্তরা, ঢাকায় স্পেশাল ব্রাঞ্চ স্কুলের নিজস্ব জায়গায় ১৩ তলা ভিতবিশিষ্ট ৫ তলা ভবন নির্মাণ কার্যক্রম সম্পন্ন করে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ভৌত কাঠামো ও অফিসারদের জন্য অফিস কক্ষ নির্মাণ করা হয়েছে। সীমানা দেয়াল, অভ্যন্তরীণ সড়ক, সাবস্টেশন ও শ্যুটিং রেঞ্জ নির্মাণ করা হয়েছে। উক্ত স্পেশাল ব্রাঞ্চ স্কুলের অফিস ও ডরমেটরির জন্য প্রয়োজনীয় কম্পিউটার, ইক্যুইপমেন্ট ও ফার্নিচার ইত্যাদি সংগ্রহ করা হয়েছে।

৭.৪ **প্রকল্পের অনুমোদন অবস্থা:** আলোচ্য প্রকল্প মোট ২২৫৮.৬০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্প ব্যয় হ্রাস করে ১৮২৮.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই, ২০১৫ হতে জুন, ২০১৮ মেয়াদে প্রকল্প সংশোধন করা হয়।

৭.৫ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** :

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় ঢাকায় স্পেশাল ব্রাঞ্চ ট্রেনিং স্কুল নির্মাণ প্রকল্প বাস্তবায়িত হয়েছে। নিম্নেবর্ণিত কর্মকর্তাবৃন্দ প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন :

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	কার্যকাল		মন্তব্য
		শুরু	পর্যন্ত	
০১	জনাব মো: আলমগীর রহমান, এসএসপি (প্রশাসন)	১৯ নভেম্বর ২০১৫	১৭ জানুয়ারি ২০১৬	খন্ডকালীন
০২	জনাব মো: বরকাতুল্লাহ খান,এসএসপি (ইমি. ভূমি এবং সমুদ্র)	১৭ জানুয়ারি ২০১৬	২৩ এপ্রিল ২০১৭	খন্ডকালীন
০৩	জনাব আব্দুর রহিম শাহ্ চৌধুরি, এসএসপি (কেপিআই)	২৩ এপ্রিল ২০১৭	৩০ জুন ২০১৮	খন্ডকালীন

৭.৬ **প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি** :

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত (১ম সংশোধন) অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১৮২৮.৪০ লক্ষ টাকা। মন্ত্রণালয় থেকে প্রাপ্ত সমাপ্তি প্রতিবেদন হতে দেখা যায় যে, প্রকল্পটির জুন ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি মোট ১৭৭৬.৬৪ লক্ষ টাকা (৯৭.১৬%)। প্রকল্পটির অনুকুলে ২০১৫-২০১৬ হতে ২০১৭-২০১৮ বছর পর্যন্ত সময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় নিম্নে দেখানো হল:

আর্থিক বছর	সংশোধিত এডিপিতে বরাদ্দ		অবমুক্ত	ব্যয়	
	মোট টাকা	জিওবি	টাকা	মোট টাকা	জিওবি
২০১৫-২০১৬	২৩.০০	২৩.০০	২৩.০০	২৩.০০	২৩.০০
২০১৬-২০১৭	৬০০.০০	৬০০.০০	৬০০.০০	৫৯৮.৪৭৪	৫৯৮.৪৭৪
২০১৭-২০১৮	১২০৫.৪	১২০৫.৪	১১৯৭.০০	১১৫৫.১৭	১১৫৫.১৭
মোট	**১৮২৮.৪০**	**১৮২৮.৪০**	**১৮২০.০০**	**১৭৭৬.৬৪**	**১৭৭৬.৬৪**

নোট: বরাদ্দকৃত অবশিষ্ট অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়েছে।

৮.০ **প্রকল্প পরিদর্শন** :

গত ০৩/০৪/২০১৯ তারিখে প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালকের প্রতিনিধি উপস্থিত ছিলেন। ঢাকার উত্তরায় ৪৬৫৪.৪০ বর্গমিটার আয়তনের নির্মাণ কার্যক্রম সম্পন্ন করে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ভৌত কাঠামো ও প্রশিক্ষনার্থীদের জন্য আবাসন সুবিধা সৃজন করা হয়েছে। ট্রেনিং সেন্টার এর জন্য প্রয়োজনীয় কম্পিউটার, ইন্টারনেট লাইন স্থাপন, অন্যান্য সরঞ্জাম ও আসবাবপত্র ইত্যাদি সংগ্রহ করা হয়েছে। প্রকল্পের আওতায় নির্মিত ভবন মানসম্পন্নভাবে নির্মাণ করা হয়েছে মর্মে বাহ্যিকভাবে মনে হয়েছে। পরিদর্শনের সময় প্রকল্পের আওতায় নির্মিত সীমানা প্রাচীর, সাবস্টেশন ভবন, বেজমেন্টে গাড়ি পার্কিং ও শ্যুটিং রেঞ্জ ইত্যাদি কাজ ভালোভাবে সম্পন্ন হয়েছে মর্মে দেখা যায়। তবে সম্মানী, অভ্যন্তরীন রাস্তা এবং সারফেস ড্রেইন খাতে ডিপিপি সংস্থানের অতিরিক্ত ব্যয় এবং অনুমোদিত ২৭০ বর্গমিটার অভ্যন্তরীণ রাস্তার পরিবর্তে ৫৬৮ বর্গমিটার, ১০০ আরএম সারফেস ড্রেইন এর পরিবর্তে ৭৯.৫০ আরএম এবং ৫২৬৭.৫৭ বর্গমিটার ট্রেনিং স্কুলের

পরিবর্তে ৪৬৫৪.৪০ বর্গমিটার নির্মাণ করার বিষয়ে উপ বিভাগীয় প্রকৌশলী জানান যে, রাজউক হতে জমি বুঝে নেয়ার পর প্রকৃত ড্রইং ও ডিজাইন করার সময় উল্লিখিত কম্পোনেন্ট সমূহের পরিমানের হ্রাস ও বৃদ্ধি হয়।

৯.০ **ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন:** আলোচ্য প্রকল্পের মাধ্যমে যে সকল নির্মাণ কাজ/মালামাল ক্রয় করা হয়েছে তা পিপিআর অনুসারে প্রক্রিয়াকরণ ও গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃপক্ষের অনুমোদন ও সুপারিশক্রমে সম্পন্ন করা হয়েছে। দরপত্র মূল্যায়ন কমিটিতে বিভাগ/সংস্থা বহির্ভূত অন্যান্য বিভাগ/সংস্থার ২ (দুই) জন সদস্য নিয়মানুযায়ী অর্ন্তভুক্ত করা হয়েছে।

১০.০ **অডিট নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদি :** অডিট করা হয়নি।

১১.০ **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :**

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
স্পেশাল ব্রাঞ্চসহ বাংলাদেশ পুলিশের বিভিন্ন ইউনিটের অফিসার ও ফোর্সদের পেশাগত প্রশিক্ষণ ও গোয়েন্দা প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণার্থীদের আবাসিক সুবিধা প্রদান।	প্রকল্পের আওতায় স্পেশাল ব্রাঞ্চসহ বাংলাদেশ পুলিশের বিভিন্ন ইউনিটের অফিসার ও ফোর্সদের পেশাগত প্রশিক্ষণ ও গোয়েন্দা প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ভৌত সুবিধাদি নির্মাণ করা হয়েছে। প্রকল্পের আওতায় প্রশাসনিক কাম অফিস ভবন, ক্লাস রুম, কম্পিউটার ল্যাব এবং ব্যারাক নির্মাণ করা হয়। বর্তমানে ভবনটিতে স্পেশাল ব্রাঞ্চসহ বাংলাদেশ পুলিশের বিভিন্ন ইউনিটের অফিসার ও ফোর্সদের পেশাগত প্রশিক্ষণ ও গোয়েন্দা প্রশিক্ষণ ও অফিসিয়াল কার্যক্রম চলমান রয়েছে। অতএব, সার্বিকভাবে প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে বলা যায়।

১২.০ পরিদর্শনকালে গৃহীত কিছু স্থির চিত্র:



স্পেশাল ব্রাঞ্চ স্কুলের মেইন গেইট


ডিআইজি রুম



অন্যান্য অফিস কক্ষসমূহ



শ্যুটিং রেঞ্জ



শ্রেণী কক্ষ



কনফারেন্স রুম



কম্পিউটার ল্যাব



সাবস্টেশন

১৩.০ পরিদর্শনকালে চিহ্নিত সমস্যাঃ

১৩.১ জুন, ২০১৮ তে প্রকল্পের কাজ সমাপ্ত হয়। নির্মিত ভবনে বিভিন্ন প্রশিক্ষণ ও দাপ্তরিক কাজ শুরু হলেও গনপূর্ত অধিদপ্তর হতে ভবন হস্তান্তর বুঝে নেয়া হয়নি।

১৩.২ প্রকল্পের ২য় পর্যায়ের কাজ শুরু হওয়ার কারণে নির্মাণ সামগ্রী নিচে পড়ে সিড়ির টাইলস ক্ষতিগ্রস্ত হয়েছে।

১৩.৩ কনফারেন্স রুমের একটি এসি নষ্ট হয়েছে।

১৩.৪ নির্মাণ কাজের জন্য ছাদ খোলা রাখার কারণে বেজমেন্টে অবস্থিত শ্যুটিং রেঞ্জে বৃষ্টির পানি জমে থাকতে দেখা গেছে।

১৩.৫ ডরমিটেরির জন্য আসবাবপত্র ক্রয় করে স্তুপ করে রাখা হয়েছে। ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের পর নির্মিত ডরমেটরিতে আসবাবপত্র রাখা হবে।

১৩.৬ পিসিআরে প্রদত্ত তথ্যানুসারে সম্মানী, অভ্যন্তরীন রাস্তা এবং সারফেস ড্রেইন খাতে ডিপিপি সংস্থানের অতিরিক্ত ব্যয় এবং অনুমোদিত ২৭০ বর্গমিটার অভ্যন্তরীণ রাস্তার পরিবর্তে ৫৬৮ বর্গমিটার রাস্তা ও ১০০ আরএম সারফেস ড্রেইন এর পরিবর্তে ৭৯.৫০ আরএম নির্মাণ করা হয়েছে। অনুমোদিত ডিপিপি অনুযায়ী ৫২৬৭.৫৭ বর্গমিটার ট্রেনিং স্কুল নির্মাণের পরিবর্তে ৪৬৫৪.৪০ বর্গমিটার নির্মাণ করা হয়েছে।

১৪.০ সুপারিশঃ

১৪.১ প্রকল্পের আওতায় নির্মিত ভবন গণপূর্ত অধিদপ্তর হতে বুঝে নেয়ার বিষয়ে জননিরাপত্তা বিভাগ ব্যবস্থা গ্রহণ করবে;

১৪.২ এসি সহ যে সকল সরঞ্জাম/ যন্ত্রপাতি ব্যবহারের ফলে সরঞ্জাম/ যন্ত্রপাতি নস্ট হয়েছে, সে সকল সরঞ্জাম/ যন্ত্রপাতির মেরামত ও সংরক্ষণ করতে হবে;

১৪.৩ প্রকল্পের অডিট সম্পন্ন হয়নি। অডিট সম্পন্নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৪.৪ শ্যুটিং রেঞ্জে জমে থাকা পানি অপসারণ করতে হবে;

১৪.৫ পিসিআরে প্রদত্ত তথ্যানুসারে সম্মানী, অভ্যন্তরীন রাস্তা এবং সারফেস ড্রেইন খাতে ডিপিপি সংস্থানের অতিরিক্ত ব্যয় এবং অনুমোদিত ২৭০ বর্গমিটার অভ্যন্তরীণ রাস্তার পরিবর্তে ৫৬৮ বর্গমিটার রাস্তা ও ১০০ আরএম সারফেস ড্রেইন এর পরিবর্তে ৭৯.৫০ আরএম, ৫২৬৭.৫৭ বর্গমিটার ট্রেনিং স্কুল নির্মাণের পরিবর্তে ৪৬৫৪.৪০ বর্গমিটার নির্মাণের ব্যাখ্যা দিতে হবে;

১৪.৬ অনুচ্ছেদ ১৪.১ হতে ১৪.৫ এ উল্লিখিত সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রতিবেদন জারির ৩০ কার্যদিবসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।